

# মাসিক এমআইএস প্রতিবেদন

মে ২০২৪  
৪১৩ তম সংখ্যা



**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ**

**BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.**

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : [gmplanning@bapex.com.bd](mailto:gmplanning@bapex.com.bd) web : [www.bapex.com.bd](http://www.bapex.com.bd)

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	<b>GDF</b> অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদনঃ	০৩-০৯
২.১	Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 & Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2)	০৩
২.২	Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project.	০৪
২.৩	2D Seismic Survey Over Exploration Block 15 & 22.	০৫
২.৪	Procurement & Installation of Welhead Compressors at Srikail Gas Field.	০৬
২.৫	1 Exploratory Well (Srikail North-1A) 2 Appraisal cum Development Well (Sundalpur-3 & Begumgonj-4 (West)) Drilling Project.	০৭
২.৬	2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.	০৮
২.৭	3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project.	০৯
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	১০-১১
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	১২-২৪
৪.১	ভূতাত্ত্বিক বিভাগ	১২-১৩
৪.২	ভূপদার্থিক বিভাগ	১৪-১৫
৪.৩	খনন পরিচালনা বিভাগ	১৬
৪.৪	ওয়েল সার্ভিসেস বিভাগ	১৭
৪.৫	পরীক্ষাগার বিভাগ	১৮
৪.৬	উৎপাদন বিভাগ	১৯-২০
৪.৭	প্রকৌশল বিভাগ	২১
৪.৮	রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ	২২
৪.৯	প্লানিং এন্ড আইসিটি বিভাগ	২৩
৪.১০	আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম	২৪
৫	বিবিধ তথ্য	২৫-৩০
৫.১	লোকবল	২৫
৫.২	কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৬-২৭
৫.৩	রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	২৮
৫.৪	নগদ তহবিল বিবরণী	২৮
৫.৫	বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	২৯
৫.৬	আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়েন ও প্রেষণ	৩০
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩১-৩৮
৬.১	সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	৩১-৩৪
৬.২	সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৫-৩৬
৬.৩	বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৭-৩৮
৭	বাপেক্স এর গ্যাসফিন্ডসমূহের মজুদ ও উৎপাদন চিত্র	৩৯

ক্রমিক	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নামঃ	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
০২	কোম্পানীর প্রধান কার্যালয়ঃ	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৩	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধিঃ	<ul style="list-style-type: none"> <li>* তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরিপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা।</li> <li>* দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চালন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা।</li> <li>* ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।</li> </ul>
০৪	তত্ত্বাবধায়ক সংস্থাঃ	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৫	প্রশাসনিক মন্ত্রণালয়ঃ	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৬	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিতঃ	০৩ এপ্রিল, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখঃ	০১ জুলাই, ১৯৮৯।
০৮	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখঃ	২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিতঃ	২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কূপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হারঃ	২:১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখঃ	২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যাঃ	০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নামঃ	টিজিটিডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনডেনসেট সরবরাহকৃত কোম্পানীর নাম	বিজিএফসিএল, এসজিএফএল এবং বিপিসি
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণঃ	৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণঃ	১২০ (একশত বিশ) কোটি টাকা যা ১২০ (একশত বিশ) লক্ষ শেয়ারে বিভক্ত।

## ২। GDF অর্থায়নে পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন

### ২.১ Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 & Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2):

১। প্রকল্পের নামঃ	<b>Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 &amp; Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2):</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়:	প্রকল্পটি অনুমোদিত কিন্তু আরএডিপি'তে এখনও অন্তর্ভুক্ত হয়নি।	
৩। প্রকল্পের অবস্থান:	বোরহানুদ্দিন, ভোলা।	
৪। বাস্তবায়ন কাল:	জানুয়ারি, ২০২১ হতে জুলাই, ২০২৩। জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩ (প্রথম সংশোধিত)।	
	<u>ডিপিপি অনুযায়ী</u>	<u>আরডিপিপি অনুযায়ী</u>
৫। প্রকল্প ব্যয়:	স্থানীয় মুদ্রা : ১৪,৫৪২.০০ লক্ষ টাকা	বাপেক্সের নিজস্ব তহবিল: ৯২৬৫.০০ (৫৮৩২.০০)
	নগদ বৈদেশিক মুদ্রা : ৫৪,৯২১.০০ লক্ষ টাকা	গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ): ৮০৯৫৭ (৬৬৩১৬.০০)
	মোট : ৬৯,৪৬৩.০০ লক্ষ টাকা	মোট : ৯০২২২.০০ (৭২১৪৮.০০)
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<p>i) To drill two exploratory wells namely “Tabgi-1 &amp; Illisha-1” and one appraisal cum development well namely “Bhola North-2” with a view to discovering oil/gas to increase the countrys gas reserve and production;</p> <p>ii) Subject to discovery of oil and gas; additional 459.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 26-55 MMSCFD oil/gas will be produced from this project.</p>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. প্রকল্পটির অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরে অনুমোদিত এডিপি'তে বরাদ্দের অতিরিক্ত বরাদ্দ ৪১০৩১ লক্ষ টাকা। ইতোমধ্যে প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরে আরএডিপি'তে বরাদ্দ ৩৪০৬৮.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে। যা মোট প্রকল্প ব্যয়ের ৩৭.৭৬%। চলতি অর্থবছরে প্রকল্পের সর্বশেষ আর্থিক অগ্রগতি ৩৩৯১৩.৮৪ লক্ষ টাকা যা প্রস্তাবিত আরএডিপি বরাদ্দের ৯৯.৫৫%। বাস্তব অগ্রগতি ১০০%।</p> <p>২. ২০২৩-২৪ অর্থ বছরে পেট্রোবাংলার ব্যবস্থাপনা সেবা ব্যয় খাতে ০.১% সার্ভিস চার্জ বাবদ ৩৪.৮৩৬ লক্ষ টাকা কর্তন করতঃ প্রকল্প ব্যাংক হিসাবে জিডিএফ অর্থায়ন হতে ৩৪৮০১.১৬৪ লক্ষ টাকা স্থানান্তর হয়েছে। এ প্রেক্ষিতে আরডিপিপি'তে পেট্রোবাংলার ব্যবস্থাপনা সেবা ব্যয় খাতে অর্থ সংস্থান এবং ডিসেম্বর ২০২৩ মাসে অর্থ ছাড় হওয়ায় বিগত ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে এখাতে কর্তনকৃত সর্বমোট ৭৯.৩১৯ লক্ষ টাকা ডিসেম্বর ২০২৩ মাসে ব্যয় প্রদর্শিত হয়।</p> <p>৩. বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধিজনিত কারণে বিল ইনভয়েস এর বিপরীতে ৩২১১১০৭ কোড খাতে বিল পরিশোধে বিগত অর্থবছরে ডিপিপি'র অতিরিক্ত অর্থ (৭৯৩৯.০০+৪৫৪০.৪৬) লক্ষ টাকা বাপেক্স এর নিজস্ব অর্থায়নের উৎস হতে সংস্থান করা হয়েছিল, যা আরডিপিপি প্রাক্কলন, এডিপিপি বরাদ্দের অতিরিক্ত বরাদ্দের অনুমোদন ও ২০২৩-২৪ অর্থবছরে জিডিএফ হতে অর্থ ছাড় করতঃ বাপেক্স বরাবরে ফেরত প্রদান করা হয়েছে।</p> <p>৪. প্রকল্প সম্পাদন পরবর্তী পিসিআর প্রস্তুত করে মন্ত্রণালয়ে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মে, ২০২৪ পর্যন্ত):	- স্থানীয় মুদ্রা : ১৫৫৫০.২৩ লক্ষ টাকা	
	নগদ বৈদেশিক মুদ্রা : ৬৪১৪৯.০০ লক্ষ টাকা	
	মোট : ৭৯৬৯৯.২৩ লক্ষ টাকা	
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার:	বাস্তব : ১০০%	আর্থিক : ৮৮.৩৪%

## ২.২ Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project

১। প্রকল্পের নামঃ	Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৭-০৭-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	চট্টগ্রাম, শরিয়তপুর, সিলেট এবং ভোলা জেলা।	
৪। বাস্তবায়ন কালঃ	জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩	
৫। প্রকল্প ব্যয়ঃ	<p style="text-align: center;"><u>মূল</u></p> স্থানীয় মুদ্রা : ৪,৩৩২.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ১৫,৬২০.০০ লক্ষ টাকা মোট : ১৯,৯৫২.০০ লক্ষ টাকা	
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	The main objective is to <ul style="list-style-type: none"> <li>➤ Strengthening of Exploration &amp; Development Drilling and Workover activities of BAPEX through repairing 4 rigs and upgrading 1 rig.</li> <li>➤ Ensuring continuous drilling activity by replacing Rig supporting equipment.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> <li>১. ২টি ফর্ক লিফট, ২টি ক্রেন, ১টি আয়রন রাফনেক, ১টি চোক ম্যানিফোল্ড ও ওয়াটার বাথ টেস্ট হিটার সরবরাহ করা হয়েছে।</li> <li>২. বিজয়-১০, ১১, ১২ রিগসমূহের ড্রাইভ সিস্টেম স্পেয়ার্স প্রতিস্থাপন এর মালামাল সরবরাহ করা হয়েছে। বিজয়-১১ রিগের রিগ জেনারেটর সরবরাহ করা হয়েছে।</li> <li>৩. Canrig Facilities এ বিজয়-১০ ও বিজয়-১২ রিগের টপ ড্রাইভের ওভারহোলিং এর এর কাজ শেষ হয়েছে।</li> <li>৪. আইপিএস রিগ আপগ্রেডেশন এর লক্ষ্যে ক্রয়কৃত মালামাল এবং সলিড কন্ট্রোল ইকুইপমেন্ট কসবা কুপ এলাকায় স্থানান্তর করা হয়েছে। রিগটি কমিশনিং কাজ চলমান আছে। রিগ জেনারেটর চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছেছে।</li> <li>৫. আরএফকিউ পদ্ধতিতে মেরামত ও স্থানীয় ক্রয় কার্যক্রম চলমান রয়েছে।</li> </ol>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মে, ২০২৪ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা : ২৩৬৭.৩৫ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ১৪৫৮২.০০ লক্ষ টাকা মোট : ১৬৯৪৯.৩৫ লক্ষ টাকা	
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার:	বাস্তব ৮৭.৮০ %	আর্থিক ৮৪.৯৫ %

## ২.৩

## 2D Seismic Survey Over Exploration Block 15 &amp; 22.

১। প্রকল্পের নামঃ	<b>2D Seismic Survey Over Exploration Block 15 &amp; 22.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৬-০৭-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	কুমিল্লা, ফেনী, নোয়াখালী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, কক্সবাজার জেলার বিভিন্ন এলাকা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৩,৩৬৯.৫০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১১,৪৬৮.৫০ লক্ষ টাকা
	মোট	: ১৪,৮৩৮.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➤ Identify probable leads/prospects by conducting seismic survey to delineate drillable subsurface structure.</li> <li>➤ Identify the probable structure/stratigraphic/fault traps.</li> <li>➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. প্রকল্পের জন্য নির্ধারিত মোট ৩০০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন করার মাধ্যমে প্রকল্পের শতভাগ ভৌত কার্যক্রম সমাপ্ত হয়েছে। সার্ভিস প্রোভাইডার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনসমূহ রিভিউ ও বাপেক্স জিএন্ডজি টিম কর্তৃক উপাত্ত বিশ্লেষণ করে নতুন কূপ খনন লোকেশন নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।</p> <p>২. ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি ৮০০.০০ লক্ষ টাকা এবং ৭৯৩.৬৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।</p> <p>৩. প্রকল্পের মেয়াদ জুন'২০২৪ এ সমাপ্ত হবে। প্রকল্পের আরডিপিপি অর্থ মন্ত্রণালয় হতে Liquidity Certificate সংগ্রহের লক্ষ্যে ২৯-০৪-২০২৪ তারিখে পেট্রোবাংলা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মে, ২০২৪ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ৩১৬২.৬৫ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১১৪৬৮.০০ লক্ষ টাকা
	মোট	: ১৪৬৩০.৬৫ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৯৯.২০%	৯৮.৬০%

## ২.৪ Procurement & Installation of Wellhead Compressors at Srikail Gas Field

১। প্রকল্পের নামঃ	<b>Procurement &amp; Installation of Wellhead Compressors at Srikail Gas Field.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৩-০৮-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	মুরাদনগর, কুমিল্লা, চট্টগ্রাম।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৩,৩২০.০০ লক্ষ টাকা
	নগদ বৈঃ মুদ্রা	: ১৫,৯২০.০০ লক্ষ টাকা
	মোট	: ১৯,২৪০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➤ To increase the inlet gas pressure of process plant by installing wellhead compressors downstream of wellhead for extracting maximum amount of gas by maintaining the operating pressure of the process plant and sales/transmission line.	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. শ্রীকাইল গ্যাসফিল্ডে Wellhead Compressor ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ ক্রয়পূর্বক সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে Internatioal Consultancy Service Provider SPG STEINER GmbH, Germany কর্তৃক দরপত্র দলিল চূড়ান্ত করা হয়। পিআইসি, পিএসসি ও বাপেক্স পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদকাল ২০২৫ পর্যন্ত বর্ধিত করে সংশোধিত চুক্তি সম্পাদন করা হয়।</p> <p>২. সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নির্দেশনার প্রেক্ষিতে ১১ মার্চ ২০২৪ তারিখের আহ্বায়িত দরপত্রের সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান S.C Euro Gas Systems S.R.R, Romania কে (NOA) প্রদান করা হয়। দরদাতা প্রতিষ্ঠান S.C Euro Gas Systems S.R.R, Romania কর্তৃক ২০ মার্চ ২০২৪ তারিখে NOA এর Acceptance প্রদান করা হয়। ০৮ এপ্রিল ২০২৪ তারিখে দরদাতা প্রতিষ্ঠান S.C Euro Gas Systems S.R.R, Romania কর্তৃক Performance Security (PS) জমা প্রদান করা হয়।</p> <p>৩. বাপেক্স ও সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান S.C Euro Gas Systems S.R.R, Romania এর মধ্যে সম্পাদনীয় খসড়া চুক্তি একজন আইনজীবী কর্তৃক ভেটিং করা হয়েছে।</p> <p>৪. ২৩ এপ্রিল ২০২৪ তারিখে বাপেক্স ও S.C Euro Gas Systems S.R.R, Romania এর মধ্যে শ্রীকাইল গ্যাসফিল্ডে প্রতিটি দৈনিক ১০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন ৩টি ওয়েলহেড কম্প্রেসর ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ সংগ্রহ ও স্থাপন এর নিমিত্ত একটি চুক্তি স্বাক্ষর হয়।</p> <p>৫. প্রকল্পের অনুকূলে চলতি ২০২৩-২৪ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত ১৪০.০০ লক্ষ টাকা ছাড় হয়েছে এবং মে ২০২৪ পর্যন্ত বর্তমান অর্থবছরে সর্বমোট ১২৮.৪৯ লক্ষ টাকা অর্থাৎ ৯১.৭৮% ব্যয় হয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মে, ২০২৪ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ২৮৭.৬৪ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ২৫.০০ লক্ষ টাকা
	মোট	: ৩১২.৬৪ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৩.৫০%	১.৬২%

## **২.৫ 1 Exploratory Well (Srikail North-1A) 2 Appraisal cum Development Well (Sundalpur-3 & Begumgonj-4 (West)) Drilling Project.**

১। প্রকল্পের নামঃ	<b>1 Exploratory Well (Srikail North-1A) 2 Appraisal cum Development Well (Sundalpur-3 &amp; Begumgonj-4 (West)) Drilling Project.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৫-০৪-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	মুরাদনগর, কুমিল্লা ও কোম্পানীগঞ্জ, সোনাইমুরি, নোয়াখালী, চট্টগ্রাম।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ মার্চ, ২০২২ হতে জুন, ২০২৪।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৯,৯১৯.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১৮,৫০০.০০ লক্ষ টাকা
	মোট	: ২৮,৪১৯.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➤ Drilling, testing and completion of Exploratory Well Srikail North-1A and Appraisal cum Development Well Sundalpur-3 &amp; Begumgonj-4 (West).</li> <li>➤ Subject to commercially recoverable discovery of oil/gas, from this project gas reserve will be increased by additional 172 BCF and 30 MMSCF gas will be produced daily.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> <li>১. প্রকল্পের আওতাধীন শ্রীকাইল নর্থ-১ এ অনুসন্ধান কূপ এলাকায় ৮.২৫৬ একর জমি হকুমদখল শেষে ১১টি প্যাকেজের পূর্ত ও নির্মাণ সম্পন্ন করে ৩৫৮৪ মিটার গভীরতায় খনন সম্পন্ন করে Logging, Casing, Cementing, VSP &amp; DST (Drill Steem Test) কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।</li> <li>২. সুন্দলপুর # ৩ কূপ এলাকা ৬.১৪২৫ একর জমি হকুমদখল শেষে ১১টি প্যাকেজের পূর্ত ও নির্মাণ কাজ করে রিগ মোবাইলাইজেশন শেষে গত ০৪-১১-২০২৩ তারিখ হতে কূপের খনন কার্যক্রম শুরু করে সুন্দলপুর-৩ কূপের ৩১২৩ মিটার খনন শেষে নতুন ২টি স্তরসহ মোট ৩টি স্তরে গ্যাস আবিষ্কৃত হয়েছে। নতুন ২টি স্তরের ১ম স্তরে ডিএসটিতে (৩০৪১-৩০৪৬ মিটার ও ৩০৫৭-৩০৬৩ মিটার MD) ৫.১ এমএমএসসিএফ এবং ২য় স্তরে ((১৪৪৮-১৪৫১ মিটার MD) গভীরতায় Product Testing সম্পন্ন করে ৮ এমএমএসসিএফ গ্যাস উৎপাদনের জন্য কূপের ওয়েল কমপ্লিশন করে কার্যক্রম সমাপ্ত করা হয়েছে। গত ০১-০৪-২০২৪ তারিখ হতে রিগ ডাউন ও বিয়োজন শেষে সুন্দলপুর-৩ কূপ এলাকা হতে রিগ ও রিগ যন্ত্রাংশসহ অন্যান্য মালামাল বেগমগঞ্জ # ৪ (ওয়েস্ট) কূপে স্থানান্তর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।</li> <li>৩. বেগমগঞ্জ # ৪ (ওয়েস্ট) কূপের বিপরীতে ৫.৪৭৫৫ একর জমি হকুম দখল শেষে কূপ এলাকায় ১১টি প্যাকেজের যাবতীয় পূর্ত ও নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বিজয়-১০ রিগ যন্ত্রাংশসহ কেমিক্যালস খুচরা মালামাল ও ভারী মালামাল বেগমগঞ্জ # ৪ (ওয়েস্ট) কূপ এলাকায় স্থানান্তর এবং রিগ ইনসেকশন-কমিশনিং কার্যক্রম শেষে গত ২২-০৪-২০২৪ তারিখে রিগ আপ সম্পন্ন করে গত ২৯-০৪-২০২৪ তারিখ হতে বেগমগঞ্জ # ৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপের মূল খনন কাজ (Spud-In) শুরু করে ১৬১৮ মিটার গভীরতা পর্যন্ত খনন সম্পন্ন হয়েছে। কূপের পরবর্তী খনন কার্যক্রম চলমান।</li> <li>৪. প্রকল্পের বিপরীতে স্থানীয় ও বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি, সরঞ্জাম এবং অন্যান্য মালামাল ক্রয় করা হয়েছে।</li> <li>৫. প্রকল্পের বিপরীতে তৃতীয় পক্ষীয় সেবার সর্বমোট ০৫টি বৈদেশিক সেবা প্যাকেজের চুক্তি স্বাক্ষর শেষে শ্রীকাইল নর্থ # ১এ কূপ ও সুন্দলপুর-৩ কূপে সেবাসমূহ গ্রহণ করা হয়েছে। বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) কূপে প্রয়োজনের সময় উল্লেখিত সেবাসমূহ গ্রহণ চলমান।</li> </ol>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মে, ২০২৪ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ৭৭৫৯.১৭ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১২৮৪০.০০ লক্ষ টাকা
	মোট	: ২০৫৯৯.১৭ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৭৫.৫০ %	৭২.৪৮

## ২.৬

## 2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.

১। প্রকল্পের নামঃ	<b>2D Seismic Survey Over Exploration Block 6B South and 10 Project.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৬-০৬-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, ফরিদপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, নোয়াখালী, লক্ষ্মিপুর, কুমিল্লা, চাঁদপুর জেলার বিভিন্ন এলাকা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৫।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা :	৬,৬৯৯.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	৮,৪৯৬.০০ লক্ষ টাকা
	মোট :	১৫,১৯৫.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➤ To turn the lease into prospects identified from previously conducted 2D seismic data in exploration Block 6B South and 10 by delineating the presence of sub-surface hydrocarbon in Muladi and adjacent areas having the similar geological characteristics of Bhola Gas Field located on the northern side of this Gas Field.</li> <li>➤ Demarcating exploratory well location on previously identified seismic leads in exploration Block 6B South and 10.</li> <li>➤ Identification of possible drillable subsurface location at potential leads/ prospects and determination of possible structural/stratigraphic/ combination trap located at transitional zone in between Bhola North and Muladi area.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. Engagement of International Seismic Service Provider নিয়োগের জন্য ৪৭৭ তম বাপেক্স পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের আলোকে পুনরায় আহ্বানকৃত Expression of Interest (EOI) মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হয়েছে। বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৮১ তম বোর্ড সভায় সংক্ষিপ্ত তালিকাভুক্ত ২টি প্রতিষ্ঠান হতে RFP প্রস্তাব সমূহের কারিগরি মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন এবং কারিগরি মূল্যায়নে উত্তীর্ণ ২টি প্রতিষ্ঠানের আর্থিক দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও নেগসিয়েশন সম্পন্ন হয়েছে। ৪৮৩তম বাপেক্স বোর্ড সভায় আর্থিক মূল্যায়ন প্রতিবেদন ও সার্ভিস প্রোভাইডার নিয়োগের চুক্তির অনুমোদন পাওয়া গেছে।</p> <p>২. যানবাহন ভাড়া করণের লক্ষ্যে চুক্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে ও সেবা গ্রহন চলমান। অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে কারিগরি এবং আর্থিক মূল্যায়ন অনুমোদন ও চুক্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে। সেবা গ্রহন চলমান।</p> <p>৩. আমদানিকৃত বিস্ফোরক দ্রব্যাদি বাপেক্সের পোমরা ম্যাগাজিন এ স্থানান্তর করা হয়েছে এবং মাঠ পর্যায়ে ব্যবহৃত হচ্ছে।</p> <p>৪. পজিশনিং/টপো সার্ভে যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর নতুন করে উন্মোচিত দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। ২ডি ফিল্ড প্লানিং/ ডিজাইন/মান নিয়ন্ত্রণ ও ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর নতুন করে আহ্বানকৃত দরপত্রের বিপরীতে কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। আর্থিক মূল্যায়ন চলমান। ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেমের হার্ডওয়্যার ও সফটওয়্যার এর নতুন করে আহ্বানকৃত দরপত্রের বিপরীতে NOA ইস্যু করা হয়েছে। সর্বনিম্ন দরদাতা PG প্রদান করেছে। ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ এর নতুন করে আহ্বানকৃত দরপত্রের বিপরীতে NOA ইস্যু করা হয়েছে ও ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপন সম্পন্ন হয়েছে।</p> <p>৫. কমিউনিকেশন যন্ত্রপাতি (ওয়াকিটকি) ক্রয়ের জন্য কোন গ্রহণযোগ্য প্রতিষ্ঠান না পাওয়ায় “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ৬বি সাউথ এন্ড ১০” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী ‘কমিউনিকেশন যন্ত্রপাতি (ওয়াকিটকি) ক্রয় বাদ দেয়া যেতে পারে এবং তৎপরিবর্তে অন্য প্রকল্পের ওয়াকিটকি ব্যবহার করা যেতে পারে’ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৬. ডাটা একুইজিশন সিস্টেমের জন্য হার্ডওয়্যার-সফটওয়্যার ও আনুষঙ্গিক যন্ত্রপাতির দরপত্রের বিপরীতে LOT-1 এর দরপ্রস্তাব প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশী হওয়ায় নতুন করে দরপত্র আহ্বান করা হয়েছে এবং সার্বিক মূল্যায়নে সর্বনিম্ন দরদাতার নিকট NOA ইস্যু করা হয়েছে ও দরদাতা PG প্রদান করেছে এবং ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপন কাজ চলমান। LOT-2 এর আওতায় সর্বনিম্ন দরদাতার নিকট ক্রয়াদেশ প্রদান করা হয়েছে এবং আমদানিকৃত জিওফোন মাঠ পর্যায়ে ব্যবহৃত হচ্ছে।</p> <p>৭. হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ২ডি ডাটা প্রসেসিং সিস্টেম এর উন্মোচিত দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন অনুমোদন হয়েছে। সর্বনিম্ন দরদাতার নিকট NOA ইস্যু করা হয়েছে ও দরদাতা PG প্রদান করেছে এবং ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপন সম্পন্ন হয়েছে।</p> <p>৮. বিশেষজ্ঞ সেবা গ্রহণের লক্ষ্যে পত্রিকায় প্রকাশিত EOI আবেদনের বিপরীতে প্রাপ্ত EOI সমূহ ২৮-০৩-২০২৪ তারিখে উন্মোচিত হয়েছে। কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত ৪টি প্রতিষ্ঠান বরাবর RFP প্রদানের কাজ চলমান।</p> <p>৯. চলতি অর্থবছর (২০২৩-২০২৪) এর ৩১ মে, ২০২৪ পর্যন্ত টপোসার্ভে ১০৭১.৯৫ লা.কি.মি., ড্রিলিং ১০৭১.৯ লা.কি.মি.ও রেকর্ডিং ১০৭১.৯ লাইন কি.মি. সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের মোট ৩২২০ লাইন কি.মি. এর মধ্যে ২০২২-২৩ অর্থবছরে ২৮২.৭৭৫ লাইন কি.মি. সহ মোট ১৩৫৪.৬৭৫ লাইন কি.মি. সম্পন্ন হয়েছে। চলমান অর্থবছরে ১২.৭৪% বাস্তব অগ্রগতি হয়েছে এবং ক্রমপূঞ্জিত বাস্তব অগ্রগতি ১৭.৪৭%।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মে, ২০২৪ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা :	২০৩৮.৩০৪ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	৫৯৭.০০ লক্ষ টাকা
	মোট :	২৬৩৫.৩০৪ লক্ষ টাকা
৯। ডিপিরি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	১৮.৫০%	১৭.৩৪%

## ২.৭ 3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project.

১। প্রকল্পের নামঃ	<b>3D Seismic Survey Over Zakiganj and Patharia West Project.</b>	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৫-০৪-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	সিলেট ও মৌলভীবাজার জেলার সিলেট সদর, জকিগঞ্জ, কুলাউরা এবং বড়লেখা উপজেলা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ মার্চ, ২০২২ হতে ৩০ জুন, ২০২৪।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৬,৪৪৮.০০ লক্ষ টাকা
	নগদ বৈঃ মুদ্রা	: ৪,৬৫৬.০০ লক্ষ টাকা
	মোট	: ১১,১০৪.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> <li>➤ To Acquire 580 sq.km. 3D seismic data over exploration block 13 &amp; 14 among them 200 sq.km. area over Zakiganj structure of Zakiganj Upazilla under Sylhet District and 380 sq.km. area over Patharia West structure of Borolekha and Kulaura Upazilla under Moulavi bazar district.</li> <li>➤ After completion of processing and interpretation of the acquired data the main purposes is to identify new hydrocarbon filled reservoir and calculate the amount of hydrocarbon and to identify new exploratory, appraisal and development well location of project area.</li> </ul>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> <li>১. জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের ২০০ বর্গ কি.মি. এলাকায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে।</li> <li>২. জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের উপাত্ত সমূহের প্রক্রিয়াকরণ কার্য সম্পন্ন হয়েছে, RTM প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান রয়েছে।</li> <li>৩. পরিবেশগত ছাড়পত্র হালনাগাদ কার্যক্রম সম্পন্ন হয়েছে।</li> <li>৪. জকিগঞ্জ গ্যাসক্ষেত্র হতে সংগৃহীত উপাত্ত সমূহের প্রাথমিক বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।</li> <li>৫. মাঠ পর্যায়ে পাথারিয়া ভূগঠনের ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম শেষে বর্তমানে ডিমোবিলাইজেশন এর কাজ চলমান আছে।</li> <li>৬. ড্রিলিং মেশিনারিজ এন্ড এক্সেসরিজ, ফিল্ড প্ল্যানিং/ডিজাইন/ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি, হার্ডওয়্যার ও সফটওয়্যার এবং ৩ডি সাইসমিক ডাটা প্রসেসিং সিস্টেম ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।</li> <li>৭. বিস্ফোরক দ্রব্যাদি ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।</li> <li>৮. হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ৩ডি ডাটা একুইজিশন সিস্টেম ইন্সটলেশন ও কমিশনিং সম্পন্ন হয়েছে।</li> <li>৯. রেকর্ডিং শাখার যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত কার্যক্রম চলমান রয়েছে। হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ৩ডি সাইসমিক ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেম ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।</li> <li>১০. বিশেষজ্ঞ সেবা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের সাথে চুক্তি সম্পাদন সম্পন্ন হয়েছে এবং ৫টি লটের সবগুলোরই ঋণপত্র স্থাপন করা হয়েছে। লট-১, লট-২ ও লট-৩ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ শেষ হয়েছে। বর্তমানে লট-৫ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ চলমান আছে।</li> <li>১১. ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ৫টি প্যাকেজের আরএফকিউ পদ্ধতিতে স্থানীয় ক্রয় কার্যক্রমের মধ্যে ৫টি প্যাকেজের মালামাল সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। মে, ২০২৪ পর্যন্ত ক্রমগুঞ্জিত অগ্রগতি ৬,৮৪১.০০ লক্ষ টাকা।</li> </ol>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মে, ২০২৪ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ৪১৯২.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ২৬৪৯.০০ লক্ষ টাকা
	মোট	: ৬৮৪১.০০ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	৬২.৮৫%	৬১.৬১%

**৩। এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন**

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তরসমূহ নিয়মিত ভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং করা হচ্ছে।	১) প্রধান কার্যালয়ে প্রবেশের ক্ষেত্রে নিরাপত্তার জন্য বহিরাগত ব্যক্তির তথ্যাদি এন্ট্রি বইয়ে সংরক্ষণ সংরক্ষণ করা হয়ে থাকে। কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত এক্সটিংগুইশারগুলোর মেয়াদ হাল নাগাদ করা আছে এবং যে কোন দুর্ঘটনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে। Pandemic (COVID-19) মোকাবেলায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পেশাগত দায়িত্ব পালনে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে দায়িত্ব পালন করা হচ্ছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/স্থাপনা/বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দুর্ঘটনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষ সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ওয়েল সার্ভিসেস বিভাগের কার্যক্রম সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে বিভিন্ন কেমিক্যালের MSDS Sheet অনুযায়ী পরিচালিত হচ্ছে।	৫) ওয়েল সার্ভিসেস বিভাগের বিভিন্ন উপ-বিভাগসমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।	
৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্র এলাকায় বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা ও পরিচ্ছন্ন রাখা হয়েছে। প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। গ্যাস ক্ষেত্রের নিরাপত্তা ও পর্যবেক্ষণের জন্য কেপিআই সার্ভে টিম ও ভিজিলেন্স টিম সময় সময়ে পরিদর্শন করে থাকে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রয়েছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
৭) সালদানদী গ্যাস ক্ষেত্র এলাকা নিয়মিত ভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৭) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন। সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দুর্ঘটনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রের ১ নং ও ২ নং কুপ এলাকায় ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রে অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্রম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে। কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো নিয়মিত চেক করা হয়।	
১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। কর্মকর্তাগণ ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকা নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক উপযোগী পরিবেশ বজায় রাখতে ব্যবস্থা গ্রহণ করে থাকে।	১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সাব্যক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। উক্ত স্থাপনা বিভিন্ন সেইফটি সাইন, নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
১১) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা নিয়মিত পরিষ্কার করা হয়। ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) বেগমগঞ্জ গ্যাস গ্যাস ক্ষেত্রে আনসার/নিরাপত্তা প্রহরী দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। নিয়োজিত নিরাপত্তা কর্মীদের হাজিরা ইলেকট্রনিক মেশিনে নেয়ার ব্যবস্থা রয়েছে। পর্যাপ্ত ফ্লাড লাইটের ব্যবস্থা রয়েছে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রয়েছে, নিরাপত্তামূলক ব্যবস্থা ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসন নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। গ্যাস ক্ষেত্রে এলাকার ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে।	১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্রোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১৩) খনন বিভাগের কার্যক্রম পরিবেশ বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে পরিচালিত হচ্ছে।	১৩) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ-  (ক) ফিল্ডে কুপ খনন কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা নিয়মিত পরীক্ষা করা হয়।  (খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে।  (গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে।  (ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য PPE অর্থাৎ safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।	
১৪) ভূতাত্ত্বিক জরিপ ও সাইসমিক সার্ভে কার্যক্রমে ফিল্ড ক্রুদের আবাসনের জন্য সার্ভে, ড্রিলিং, লোডিং, রেকর্ডিং ক্যাম্প সমূহ, গাড়ি রাখার জায়গা, রেকর্ডিং ও ডিলিং ওয়ার্কসপ, কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসিক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	১৪) প্রকল্প এলাকার সকল অস্থায়ী ম্যাগাজিনি, ক্যাম্প সমূহ, ওয়ার্কসপ, প্রকল্প অফিস, কর্মকর্তা ও কর্মচারী আবাসিক এলাকায় পর্যাপ্ত পরিমাণ Fire Extinguisher আছে যা অগ্নি নির্বাপনে সহায়ক ভূমিকা পালন করে। তাছাড়াও সার্বক্ষণিক সতর্ক থাকার লক্ষ্যে নিয়মিতভাবে সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করা হয়েছে।  ম্যাগাজিনি এলাকায় বজ্র নিরোধক ব্যবস্থা নেয়া হয়েছে।  বিপদ সংকটে প্রদানের জন্য ম্যাগাজিনি এলাকায় সাইরেন স্থাপন করা হয়েছে।  ম্যাগাজিনি ও ক্যাম্প সমূহে বিভিন্ন সাইনবোর্ডের মাধ্যমে সতর্কীকরণ বার্তা প্রদান করা হয়েছে।  সার্বক্ষণিক নিপত্তাকর্মী এবং আনসার কর্মী দ্বারা নিরাপত্তা কাজ চলমান রয়েছে।	

## ৪।

## বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ

## ৪.১

## ভূতাত্ত্বিক বিভাগ

## ১। অনুসন্ধান ডু-ভূত

০১। ভূতাত্ত্বিক জরিপ দল ২০২৩-২৪ মাঠ মৌসুমে চট্টগ্রাম জেলার পটিয়া ভূগঠনে নভেম্বর, ২০২৩ হতে মে, ২০২৪ পর্যন্ত প্রায় ০৭ মাস ব্যাপি ভূতাত্ত্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার উত্তর গোবিন্দারখীল এলাকায় বেইজ ক্যাম্প স্থাপন করে চট্টগ্রাম জেলার পটিয়া, চন্দনাইশ, বোয়ালখালী, রাজুনিয়া উপজেলা ও বান্দরবান সদর উপজেলার পশ্চিমাংশে মাঠ পর্যায়ে জরিপ কার্যক্রম সম্পন্ন করেছে। জরিপ কাজের মে, ২০২৪ মাসের অগ্রগতির বিবরণ নিম্নরূপঃ

জরিপকৃত ভূগঠন/ এলাকার নাম	কাজের বিবরণ	সেকশন/ছড়াসমূহ	অগ্রগতি (লাইন কি.মি)	ক্রমপঞ্জিভূত অগ্রগতি (লাইন কি.মি)	সংগৃহিত নমুনা/ নমুনার সংখ্যা
পটিয়া ভূগঠন (চট্টগ্রাম জেলার পটিয়া, চন্দনাইশ, বোয়ালখালী, রাজুনিয়া উপজেলা ও বান্দরবান সদর উপজেলার পশ্চিমাংশ।)	ভূতাত্ত্বিক জরিপ	কর্ণফুলী রিভার সেকশন, সাজু রিভার সেকশন, ভাতখোলা - ছামাছড়ি ছড়া, পোমারা - বেতবুনিয়া রোড সেকশন, বাজালিয়া - পুরানগর রোড সেকশন।	১৪ লাইন কিঃমিঃ	৯৭ লাইন কিঃমিঃ	ক) শিলা নমুনাঃ ১২টি। ক্রমপঞ্জিভূতঃ ৮০টি। খ) গ্যাস নমুনাঃ ২টি গ) তেল নমুনাঃ নাই। ঘ) পানি নমুনাঃ নাই।

০২। জরিপকৃত সেকশনসমূহের Lithological Column প্রস্তুত করতঃ Lithostratigraphic Correlation তৈরিসহ Generalized Column প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

০৩। ভূতাত্ত্বিক জরিপ দলের ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে জরিপকৃত পটিয়া ভূগঠনের গর্জনতলীর আগা সেকশন হতে সংগৃহিত ০২ (দুই) বোতল ও শ্রিমাই ছড়া (পটিয়া ১নং কূপ সংলগ্ন) হতে সংগৃহিত ০২ (দুই) বোতল গ্যাস নমুনা বিশ্লেষণের লক্ষ্যে পরীক্ষাগার বিভাগে প্রেরণ করা হয়েছে।

০৪। ভূতাত্ত্বিক জরিপ কাজের মাধ্যমে সংগ্রহকৃত শিলা নমুনা হতে ৩য় ধাপে ৩৪টি শিলা নমুনা বিশ্লেষণের জন্য পরীক্ষাগার বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা অফিসে প্রেরণ করা হয়েছে।

০৫। চট্টগ্রাম জেলার ফটিকছড়ি পৌরসভার ০৫ নং ওয়ার্ডের আওতাধীন লুথি শিকদার বাড়ী নামীয় সম্ভাব্য খনিজ সম্পদ স্থান সরেজমিন পরিদর্শন করত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

০৬। ভূতাত্ত্বিক জরিপ দল ২০২৩-২০২৪ মৌসুমে মাঠ পর্যায়ে পটিয়া ভূগঠনে ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রম শেষে প্রধান কার্যালয়, ঢাকায় প্রত্যাবর্তন করেছে। জরিপ দলের সার্ভে মালামালসহ অন্যান্য আনুষঙ্গিক মালামালসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।

## ২। বেসিন স্টাডি

- ০৭। সূনেত্র-২ অনুসন্ধান কূপ এর G&G minutes প্রস্তুত এর জন্য Well Summary প্রণয়ন করে G&G কমিটি এর নিকট উপস্থাপন করা হয়েছে।
- ০৮। ৪ টি অনুসন্ধান কূপ খনন প্রকল্পের আওতায় সুবর্ণচর-১, নোয়াখালী-১, মতলব-১ এবং সুন্দলপুর ইস্ট-১ কূপসমূহের তথ্য-উপাত্ত বিশ্লেষণকরত লোকেশন চূড়ান্তকরণ এবং ম্যাপিং এর কাজ চলমান রয়েছে।
- ০৯। ২ টি মূল্যায়ন ও ২ টি অনুসন্ধান কূপ খনন প্রকল্পের আওতায় সেমুতাং-৭ ও সেমুতাং-৮ এর কূপ সারসংক্ষেপ প্রস্তুতকরত জিএন্ডজি কমিটির অনুমোদনের অপেক্ষায় রয়েছে।
- ১০। ২ টি মূল্যায়ন কাম উন্নয়ন ও ৩ টি অনুসন্ধান কূপ খনন প্রকল্পের আওতায় শাহবাজপুর-৬, শাহবাজপুর-৮, শাহবাজপুর-৯, ভোলা নর্থ-৫, শাহবাজপুর নর্থ ইস্ট-২ কূপসমূহের লোকেশন চূড়ান্তকরণ শেষে Well Summary প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১১। ৩ টি অনুসন্ধান কূপ খনন প্রকল্পের অন্তর্ভুক্ত কাসালং-১, সীতাপাহাড়-৩ এবং জলদী-৪ এর তথ্য-উপাত্ত বিশদ বিশ্লেষণ এর কাজ চলমান আছে।
- ১২। শ্রীকাইল ডিপ #১ এবং মোবারকপুর ডিপ #১ কূপদ্বয়ের খনন, টেস্টিং ও কমপ্লিশন ঠিকাদার নিয়োগ সংক্রান্ত দরপত্র দলিল প্রস্তুতের কাজের লক্ষ্যে “৩ টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ #১, মোবারকপুর ডিপ #১ এবং ফেঞ্চুগঞ্জ সাউথ #১)” প্রকল্প ব্যবস্থাপক কর্তৃক চাহিদার প্রেক্ষিতে চূড়ান্ত/সর্বশেষ হালনাগাদ তথ্য-উপাত্ত সম্বলিত Well proposal প্রেরণ করা হয়েছে।
- ১৩। দ্বাদশ জাতীয় সংসদের জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১ম বৈঠকে অংশগ্রহণের জন্য চেয়ারম্যান, পেট্রোবাংলা মহোদয়কে পেট্রোবাংলা কর্তৃক চাহিদার প্রেক্ষিতে বাপেক্স এর প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য প্রেরণ করা হয়েছে।

### ৩। ফিল্ড উন্নয়ন ডু-ভু :

- ১৪। বাপেক্স-এর ওয়েদারফোর্ড মাদলগিং ইউনিট দ্বারা বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) উন্নয়ন কূপ খনন প্রকল্পে মাদলগিং সার্ভিস প্রদান করা হচ্ছে।
- ১৫। কৈলাশটিলা-৮ অনুসন্ধান কূপ খনন প্রকল্পে বাপেক্স-এর ওএফআই-৩ মাদলগিং ইউনিট দ্বারা সার্ভিস প্রদান সফল ভাবে সম্পন্ন করতঃ খসড়া Geologging Report মতামতের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।
- ১৬। সিলেট-১০ (এক্স) কূপের Revised Geological Technical Order (GTO) প্রনয়ণ শেষে সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।
- ১৭। জামালপুর-১ অনুসন্ধান কূপের Geological Technical Order (GTO) প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৮। ফেঞ্চুগঞ্জ সাউথ কূপের Geological Technical Order (GTO) প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৯। শ্রীকাইল-৫ কূপের Geological Technical Order (GTO) প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২০। মোবারকপুর সাউথ-ইস্ট কূপের Revised Geological Technical Order (GTO) প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২১। সুন্দলপুর-সাউথ কূপের Geological Technical Order (GTO) প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ২২। জকিগঞ্জ-১ অনুসন্ধান কূপ এবং শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ, শ্রীকাইল নর্থ-১এ অনুসন্ধান কূপসমূহ সফলভাবে খনন শেষে বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রণয়নের কাজ চলছে।
- ২৩। সুন্দলপুর-৩ উন্নয়ন কূপ এর সফলভাবে খনন শেষে বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রণয়নের কাজ চলছে।
- ২৪। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন, ওয়েলহেড প্রেশার ও অন্যান্য উপাত্ত নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

### ৪। ফরমেশন ইভালুয়েশন :

- ২৫। ২০২৬-২০২৮ সালে Work Over পরিকল্পনা ও বাস্তবায়নের লক্ষ্যে গ্যাস ক্ষেত্রসমূহের (রূপগঞ্জ #১, ফেঞ্চুগঞ্জ #৩, ফেঞ্চুগঞ্জ #৪, সেমুতাং #৬, শ্রীকাইল #৪) সম্ভাব্য Scope of Work চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে।
- ২৬। সুন্দলপুর #৩ কূপ এর প্রাথমিক তথ্য-উপাত্তের ভিত্তিতে আনুমানিক মজুদ নির্ণয় করা হয়েছে।
- ২৭। ফেঞ্চুগঞ্জ ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের মজুদ পুনঃমূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- ২৮। বাপেক্সের অধীন প্রস্তাবিত ২টি গভীর অনুসন্ধান কূপের খনন, টেস্টিং এবং কমপ্লিশন কার্য টার্ন কি ভিত্তিতে সম্পাদনের জন্য তৃতীয় পক্ষীয় ঠিকাদার নিয়োগ সংক্রান্ত দরপত্র দলিল প্রস্তুত করার লক্ষ্যে বাপেক্সের নিজস্ব অর্থায়নে বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান Rich Spread Group Ltd., BVI এর সাথে Phase-I এর চুক্তি স্বাক্ষর সম্পাদনকরতঃ Mobilization Notice প্রেরণ করা হয়েছে যার বিপরীতে ২ জন পরামর্শক বাংলাদেশে এসে ২৯ মে, ২০২৪ তারিখ থেকে তাদের কার্যক্রম শুরু করেছে।
- ২৯। বিবিয়ানা #২৭ কূপ খননের কার্যক্রম বন্ধ ও কূপটি Plug & Abandon করার যৌক্তিকতা পর্যালোচনা করার জন্য পেট্রোবাংলা কর্তৃক গঠিত কমিটিতে অত্র উপবিভাগের একজন কর্মকর্তা নিযুক্ত রয়েছেন।
- ৩০। পেট্রোবাংলা কর্তৃক দেশের স্বাধীনতা পূর্ববর্তী এবং পরবর্তী সময়ে সম্পাদিত 2D/3D Seismis জরিপ সম্পাদিত কূপ খনন ও ওয়ার্কওভার কার্যক্রমের তথ্য সংকলন পূর্বক ইতিবৃত্ত প্রস্তুত করার জন্য গঠিত কমিটিতে অত্র উপবিভাগের একজন কর্মকর্তা নিযুক্ত রয়েছেন।
- ৩১। দেশজ প্রাকৃতিক তেল/গ্যাস অনুসন্ধান নীতিমালা-২০১৯ সংশোধন সংক্রান্ত গঠিত কমিটিতে অত্র উপবিভাগের একজন কর্মকর্তা নিযুক্ত রয়েছেন।
- ৩২। অত্র উপবিভাগ হতে দুইজন কর্মকর্তা সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলার হালির হাওর এলাকায় গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন করতঃ গ্যাসের নমুনা সংগ্রহ করেছেন এবং একটি প্রতিবেদন প্রস্তুত করতঃ দাখিল করেছেন।

### ৫। আইওসি কার্যক্রম :

- ৩৩। “Deep Depositional System : An Overview with an Exploration Outlook for the Bay of Bengal” শীর্ষক নলেজ শেয়ারিং সেশনে অত্র বিভাগের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
- ৩৪। Schlumberger কর্তৃক আয়োজিত Technical knowledge sharing lunch and learn session on “Adaption Advance Technologies in Geoscience Domain” এ অত্র বিভাগের সকল কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## ৪.২

## ভূপদার্থিক বিভাগ

- ক) “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ১৫ এবং ব্লক- ২২” শীর্ষক প্রকল্পের প্রকল্পের নির্ধারিত মোট ৩০০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন করার মাধ্যমে প্রকল্পের শতভাগ ভৌত কার্যক্রম সমাপ্ত হয়েছে। সার্ভিস প্রোভাইডার কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনসমূহ রিভিউ ও বাপেক্স জিএন্ডজি টিম কর্তৃক উপাত্ত বিশ্লেষণ করে নতুন কুপ খনন লোকেশন নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি ৮০০.০০ লক্ষ টাকা যার শতভাগ ব্যয় হয়েছে। প্রকল্পের মেয়াদ জুন’২০২৪ এ সমাপ্ত হবে। প্রকল্পের আরডিপিপি অর্থ মন্ত্রণালয় হতে Liquidity Certificate সংগ্রহের লক্ষ্যে ০৫/০৫/২০২৪ তারিখে জালানী বিভাগ হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ৩০/০৫/২০২৪ তারিখে প্রকল্পের ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে।
- খ) চলতি অর্থবছরে (২০২৩-২৪) টপোসার্ভে ১০৭১.৯৫ লা.কি.মি, ড্রিলিং ১০৭১.৯ লা.কি.মি, ও রেকর্ডিং ১০৭১.৯ লাইন কি.মি. সম্পন্ন হয়েছে। প্রকল্পের মোট ৩২২০ লাইন কি মি এর মধ্যে ২০২২-২৩ অর্থবছরে ২৮২.৭৭৫ লাইন কি মি সহ মোট ১৩৫৪.৬৭৫ লাইন কি মি সম্পন্ন হয়েছে। Engagement of International Seismic Service Provider নিয়োগের জন্য বাপেক্স বোর্ড সভায় আর্থিক মূল্যায়ন প্রতিবেদন ও সার্ভিস প্রোভাইডার নিয়োগের চুক্তির অনুমোদন পাওয়া গেছে। পজিশনিং/টপো সার্ভে যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর নতুন করে উন্মোচিত দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে। এবং ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। ২ডি ফিল্ড প্লানিং/ ডিজাইন/মান নিয়ন্ত্রণ ও ফিল্ড প্রসেসিং যন্ত্রপাতি ও হার্ডওয়্যার-সফটওয়্যার এর নতুন করে আহবানকৃত দরপত্রের বিপরীতে কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। আর্থিক মূল্যায়ন চলমান। ডাটা ইন্টারপ্রিটেশন সিস্টেমের হার্ডওয়্যার ও সফটওয়্যার এর নতুন করে আহ্বানকৃত দরপত্রের বিপরীতে NOA ইস্যু করা হয়েছে। সর্বনিম্ন দরদাতা PG প্রদান করেছে। ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ এর নতুন করে আহ্বানকৃত দরপত্রের বিপরীতে NOA ইস্যু করা হয়েছে ও ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপন সম্পন্ন হয়েছে। হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ২ডি ডাটা প্রসেসিং সিস্টেম এর উন্মোচিত দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন অনুমোদন হয়েছে। সর্বনিম্ন দরদাতার নিকট NOA ইস্যু করা হয়েছে ও দরদাতা PG প্রদান করেছে এবং ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। LC স্থাপন সম্পন্ন হয়েছে। বিশেষজ্ঞ সেবা গ্রহণের লক্ষ্যে কারিগরি মূল্যায়ন সম্পন্ন হয়েছে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত ৪টি প্রতিষ্ঠান বরাবর RFP প্রদান করা হয়েছে।
- গ) “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের মাঠ পর্যায়ে জকিগঞ্জ ভূগঠনের ২০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে, সংগৃহীত ৩ডি সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে, RTM প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান রয়েছে, বিশ্লেষণের কাজ চলমান। পাথারিয়া ভূগঠন এলাকায় ৩৮০ বর্গ কি.মি. সার্ভে, ড্রিলিং এবং রেকর্ডিং কার্যক্রম সম্পন্ন, অর্থাৎ পাথারিয়া ভূগঠন এলাকায় ২০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রম কার্যক্রম শেষে বর্তমানে ডিমোবালাইকেশন এর কাজ চলমান আছে। বৈদেশিক, স্থানীয় পর্যায়ে সকল ক্রয়কার্য ও আরএফকিউ পদ্ধতিতে স্থানীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। বিশেষজ্ঞ সেবা গ্রহণের নিমিত্ত ৫টি লটের সবগুলোই ঋণপত্র স্থাপন করা হয়েছে। লট-০১, লট-০২ ও লট-০৩ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ শেষ হয়েছে। বর্তমানে লট-০৫ এর বিশেষজ্ঞ সেবা গ্রহণ চলমান আছে।
- ঘ) প্রস্তাবিতব্য “হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩ডি সাইসমিক জরিপ” শীর্ষক (১৪৫০ বর্গ কি.মি.) প্রকল্পের সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিস্কোরক দ্রব্যাদি (এক্সপ্লোসিভ, ডেটোনোটর ও কোন-এ্যান্‌কর); ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ; কিউসি এন্ড ফিল্ড প্রসেসিং সফটওয়্যার, হার্ডওয়্যার; ডাটা একুইজিশন সিস্টেম; ওয়াকিটকি ; পজিশনিং এন্ড টপো সার্ভে ইকুইপমেন্ট ক্রয় এই ৬ (ছয়)টি বৈদেশিক ক্রয় কার্যের আন্তর্জাতিক দরপত্র আহবানের জন্য গঠিত কমিটির কারিগরি বিনির্দেশ (Technical Specification) প্রস্তুত করতঃ IFT সহ টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণ এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুতকরণ সম্পন্ন। অস্থায়ী জনবল নিয়োগ ও যানবাহন ভাড়াকরণের লক্ষ্যে IFT সহ Standard Tender Document (National) প্রস্তুতকরণ এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুতকরণ সম্পন্ন। ৫ (পাঁচ) টি ক্রয় কার্য ও সেবা গ্রহণের লক্ষ্যে প্রস্তুতকৃত IFT সহ টেন্ডার ডকুমেন্ট বাপেক্সের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন নেয়ার লক্ষ্যে বোর্ড পেপার প্রস্তুত করা হয়েছে। ওয়াকিটকি ক্রয় এবং পজিশনিং এন্ড টপো সার্ভে ইকুইপমেন্ট ক্রয় এই ২টি বৈদেশিক ক্রয় কার্যের আন্তর্জাতিক দরপত্র আহবানের জন্য গঠিত কমিটির কারিগরি বিনির্দেশ (Technical Specification) তকরণ সম্পন্ন। IFT সহ টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণ এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুতকরণ কমিটির কার্যক্রম চলমান।
- ঙ) প্রস্তাবিতব্য “২ ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৭ এন্ড ৯” শীর্ষক প্রকল্পের International Seismic Service Provider নিয়োগের জন্য ০৪ (চার)টি প্রতিষ্ঠানকে RFP প্রেরণের প্রেক্ষিতে প্রাপ্ত Proposal সমূহের মূল্যায়ন চলমান। গত ২৭ এপ্রিল ২০২৪ তারিখের পিইসি সভার কার্যবিবরণী (স্মারক নম্বরঃ ২০.০৫.০০০০.৪৯৩.১৪.০৭৯.২০২৪/৩৬৪, তারিখ ১৩ মে ২০২৪) এর সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান। উক্ত নির্দেশনা মোতাবেক প্রকল্পের পুনর্গঠিত ব্যয় প্রাক্কলন ইতোমধ্যে বাপেক্সের পরিকল্পনা ও আইসিটি বিভাগে যাচাই বাছাইয়ের নিমিত্ত প্রেরণ করা হয়েছে।
- চ) গ্যাসপ্রম এর প্রস্তাব বিবেচনায় নিয়ে ২৯-০১-২০২৪ তারিখে বাপেক্স বোর্ড রুমে অনুষ্ঠিত সমন্বয় সভায় আলোচনার প্রেক্ষিতে ব্লক ১০ এর চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা/হাতিয়া এলাকায় ট্রানজিশন জোন সহ প্রায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. আলাদা ভাবে ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনা করার সিদ্ধান্ত হয় এবং এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের প্রস্তাব তৈরী করার জন্য মৌখিক নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে চরফ্যাশন, হাতিয়া ও সুবর্ণচর এলাকায় ৩ডি সাইসমিক লাইন ডিজাইন প্রস্তুতকরণের জন্য গঠিত কমিটি গত ২৮/০৩/২০২৪ তারিখ প্রতিবেদন দাখিল করে। প্রস্তাবিত “৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা, জাহাজমারা/হাতিয়া” শীর্ষক প্রকল্পের আওতায় ট্রানজিশন জোনসহ ১০০০ বর্গ কি.মি. এলাকায় এবং প্রস্তাবিত “৩ডি সাইসমিক সার্ভে ওভার সুবর্ণচর” শীর্ষক প্রকল্পের আওতায় ট্রানজিশন জোনসহ ১৯৩০ বর্গ কি.মি. এলাকায় টার্ন-কী পদ্ধতিতে ৩ডি সাইসমিক সার্ভে প্রকল্প গ্রহণ করার লক্ষ্যে ডিপিপি প্রণয়নের নিমিত্ত ব্যয় প্রাক্কলন প্রস্তুতকরণের জন্য আলাদা ২ (দুই)টি গঠিত কমিটি ০৭/০৫/২০২৪ তারিখ প্রতিবেদন দাখিল করেছে।

- ছ) সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ উপ-বিভাগের অধীনে ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ ইং মাঠ মৌসুমে 2D Seismic Survey Over Exploration Block-6B South & 10 Project এর মুলাদি, গৌরনদী, বরিশাল এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ লাইন BPX\_6B\_6, BPX\_6B\_11, BPX\_6B\_14, BPX\_6B\_16, BPX\_6B\_17 (Half of previous session), BPX\_6B\_18 এবং BPX\_6B\_20 এর ফাইনাল Processing কাজ সম্পন্ন হয়েছে। BPX\_6B\_15 এবং BPX\_6B\_17 এর Residual Stack এর কাজ সম্পন্ন হয়েছে। BPX\_6B\_18 লাইনের ReProcessing চলছে। BPX\_6B\_13, BPX\_6B\_22, BPX\_6B\_24, BPX\_6B\_25, BPX\_6B\_26, BPX\_6B\_32, BPX\_10\_58, BPX\_10\_60 এবং BPX\_10\_64 লাইনসমূহের Geometry Checking এর কাজ চলমান আছে। “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের অধীনে সংগৃহীত জকিগঞ্জ এলাকার ৩ডি সাইসমিক উপাত্ত প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে, RTM প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত এলাকার উপাত্ত বিশ্লেষণের জন্য প্রসেসিং উপবিভাগ হতে ডাটা প্রদান করা হয়েছে।
- জ) বাপেক্সে চলমান, প্রক্রিয়াধীন এবং সম্পাদিত ২ডি সাইসমিক সার্ভে এর তালিকাসমূহের আপগ্রেডেশনের কাজ চলমান রয়েছে। ২ডি সাইসমিক ডাটা ইন্টারপ্রিটেশন এর উপর ভিত্তি করে পেট্রোবাংলায় প্রেরিত প্রসপেক্ট সমূহের উপর Standard Workflow অনুযায়ী প্রত্যেকটি প্রস্পেক্ট সম্পর্কে প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। বাপেক্স এর সর্বশেষ হালনাগাদকৃত লিডসমূহের আপগ্রেডেশন, লিডসমূহের বিদ্যমান Ranking এর আপগ্রেডেশন এবং উক্ত লিডসমূহকে প্রস্পেক্ট-এ রূপান্তরকরণে প্রয়োজনীয় সংখ্যক সাইসমিক লাইন ডিজাইন প্রণয়নের লক্ষ্যে উল্লিখিত সকল কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহকরণ, বিশ্লেষণ এবং ডেটাবেজ তৈরির কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে ArcMap software এ বিদ্যমান লিডের লোকেশন, সম্প্রতি রিলিজকৃত ৫২ কূপের লোকেশন এবং জরিপকৃত সকল ধরনের সাইসমিক লাইন নিয়ে একটি ম্যাপ প্রস্তুত করা হয়েছে। ব্লক ১০-এর নোয়াখালী ও লক্ষ্মীপুর এলাকায় চিহ্নিত লিডসমূহের ধরণ বিস্তারিতভাবে নিরূপণের লক্ষ্যে একটি সাব সারফেস ম্যাপ প্রণয়ন করা হয়েছে। “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ১৫ এবং ২২” শীর্ষক প্রকল্পে সংগৃহীত ব্লক ১৫ এর আওতাধীন ফেনী স্ট্রাকচার ও এর চারপাশের সাইসমিক উপাত্তসমূহ আরও বিস্তারিতভাবে বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।
- ঝ) “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের অধীনে আহরিত জকিগঞ্জ এলাকার প্রাথমিক পেট্রোফিজিক্যাল ইন্টারপ্রিটেশন সম্পন্ন করে প্রাথমিক ফলাফল ২২ মে ২০২৪ তারিখ একটি প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে, পরের সপ্তাহে সিকোয়েন্স স্ট্র্যাটিগ্রাফিক স্টাডির অগ্রগতির ফলাফল উপস্থাপন করা হয়েছে। জকিগঞ্জ এলাকার সাইসমিক ইন্টারপ্রিটেশন চলছে এবং হ্যালিবার্টন বাপেক্সের কাছে সাইসমিক ইন্টারপ্রিটেশন কাজের বর্তমান অবস্থা উপস্থাপন করেছে। ৬ টি স্তরের Horizon ইন্টারপ্রিটেশনের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পরবর্তীতে আরও ৩/৪ টি গভীর স্তরের ইন্টারপ্রিটেশন করা হবে। জকিগঞ্জ-১ কূপের ওয়েল প্যানেল তৈরি করা হয়েছে এবং কূপের উপর বিস্তারিত লিথোস্ট্র্যাটিগ্রাফিক বিশ্লেষণ সম্পন্ন করা হয়েছে।
- ঞ) ভূপদার্থিক বিভাগের চলমান বিভিন্ন প্রকল্পের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল প্রকল্পের কাজে ব্যবহারের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রদান করার পর অবশিষ্ট ব্যবহারযোগ্য যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতিতে ব্যাটারি আছে সে সকল যন্ত্রপাতির চার্জিং/ডিসচার্জিং এবং সাময়িক ব্যবহার অযোগ্য যন্ত্রপাতিসমূহ মেরামত করার প্রক্রিয়া চলমান আছে। ত্রুটিপূর্ণ VHF Walkie-Talkie এবং VHF Radio সমূহের মধ্যে প্রাথমিকভাবে ০৫ (পাঁচ) টি VHF Walkie-Talkie মেরামতকারী প্রতিষ্ঠান কর্তৃক সার্ভিসিং সম্পন্ন করে “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬বি সাউথ এন্ড ১০” প্রকল্পের মাঠ পর্যায়ে সরেজমিনে পরীক্ষার জন্য প্রেরণ করার পরে মাঠ পর্যায়ে সরেজমিনে পরীক্ষার মূল্যায়ন প্রতিবেদন সার্ভিসিং প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা হয়েছে। মেরামতকারী প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে সচল না হওয়ার কারণ সম্পর্কে অবহিত করবেন, পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সাইসমিক জরীপ কাজে দীর্ঘদিন ব্যবহারের ফলে সকল VHF Walkie-Talkie এবং VHF Radio সম্পর্কে মূল্যায়ন এবং যাচাই-বাছাইয়ের লক্ষ্যে গঠিত কমিটি এবং তৃতীয় পক্ষীয় সার্ভিসিং প্রতিষ্ঠানের পরামর্শ মোতাবেক সম্পূর্ণরূপে অকেজো VHF ব্রান্ডের ৫৩টি Walkie-Talkie এবং ৫৩টি Base Radio BTRC-এর নির্দেশনা মোতাবেক তাদের প্রতিনিধির সমন্বয়ে স্থায়ীভাবে সীল করা হয়েছে।

## ৪.৩

## খনন পরিচালনা বিভাগ

## ১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) **তিতাস-১৪ ওয়ার্কওভার:** ZJ40 DBT (Bijoy-11) রিগ দ্বারা তিতাস-১৪ কূপ ওয়ার্কওভার করার লক্ষ্যে ০৬-০৩-২০২৪ তারিখে রিগ আপ শেষে ১৯-০৩-২০২৪ তারিখে Well Killing Operation এবং Tubing অপসারণ সম্পন্ন হয়েছে। Cement এবং Brige Plug কাটার কাজ শেষে ওয়েল প্রেসার টেস্টিং এবং কমপ্লিশন শেষ করে ২৫-০৫-২০২৪ তারিখ হতে পুনরায় গ্যাস উৎপাদন শুরু করা হয়। কর্মপরিকল্পনা মোতাবেক রিগ স্থানান্তর করা হবে।
- খ) **বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন:** ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন করার লক্ষ্যে সুন্দলপুর-৩ উন্নয়ন কূপ হতে রিগ ও খনন সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর কাজ শেষ হয়েছে। ২২-০৪-২০২৪ তারিখে রিগ আপ করে ২৯-০৪-২০২৪ তারিখে খনন কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে 30" Casing ৩০ মিটার 13<sup>3</sup>/<sub>8</sub>" Casing ১১৪৮ মিটার সম্পন্ন করে সিমেন্ট ও অন্যান্য কাজ শেষে 12<sup>1</sup>/<sub>4</sub>" Drilling ১৬১৬ মিটার পর্যন্ত সম্পন্ন হয়েছে। খনন কাজ চলমান রয়েছে।
- গ) **রশিদপুর-৫ ওয়ার্কওভার:** XJ650T (Bijoy-18) রশিদপুর-৫ ওয়ার্কওভার করার লক্ষ্যে ০৭-০৩-২০২৪ তারিখে রিগ আপ শেষে ইতিমধ্যে Well Killing Operation এবং Tubing অপসারণ সম্পন্ন হয়েছে। Lower Sand Zone এর DST সম্পন্ন হয়েছে। Upper Sand Zone এর DST করে বাণিজ্যিকভাবে গ্যাস না পাওয়াতে কূপটি প্লাগ করে রাখা হয়। সিডিউল অনুযায়ী রিগ স্থানান্তর করা হবে।
- ঘ) **কেটিএল-৮ ওয়ার্কওভার:** ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা কেটিএল-৮ খনন করার লক্ষ্যে ১৫-০১-২০২৪ তারিখে খনন কাজ শুরু হয়েছে। 9<sup>5</sup>/<sub>8</sub>" Casing স্থাপন কার্যক্রম শেষ হয়েছে। ইতিমধ্যে ৩৫০০ মিটার খনন কাজ সম্পন্ন করে 7" কেসিং সম্পন্ন করা হয়েছে। কূপ ক্লিন করে ডিএসটি করা হয়েছে। উত্তোলনযোগ্য গ্যাস উপস্থিতি পাওয়া গেছে। কমপ্লিশন করার প্রস্তুতি চলছে।

## ২। রিগ বেইজ :

- ক) **মাধবপুর রিগ বেইজঃ**  
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিষ্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

## 8.8 ওয়েল সার্ভিসেস বিভাগ

### ১। কূপ পরীক্ষণ (Well Testing) :

- ১) জকিগঞ্জ # ১ ও শাহবাজপুর #৪ ওয়ার্কওভার কূপের জন্য Slickline Operation Services ভাড়ায় সংগ্রহের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক পুনঃদরপত্র প্রস্তাবের কারিগরি মূল্যায়ন চলমান।
- ২) সুন্দলপুর #৪ ও শ্রীকাইল#৫ কূপে DST & Slickline সার্ভিসেস গ্রহণের জন্য আহবায়িত আন্তর্জাতিক দরপত্র এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের আর্থিক মূল্যায়ন শেষে NOA প্রদানের কাজ চলমান।
- ৩) সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১ খনন কূপদ্বয়ের জন্য DST & Slickline Service ভাড়ায় সংগ্রহের লক্ষ্যে দরপত্র আহবায়ন করা হয়েছে।
- ৪) কৈলাশটিলা #৮ কূপে Well Testing Service প্রদানের কাজ চলমান রয়েছে।
- ৫) সুন্দলপুর-৩ কূপ খনন প্রকল্পে DST & Slickline Service প্রদানকারী প্রতিষ্ঠানের দাখিলকৃত Invoice প্রত্যায়নের কাজ চলমান।
- ৬) সর্বশেষ কূপ সমূহে সম্পাদিত DST ও ওয়েল টেস্টিং এর প্রতিবেদন তৈরির কাজ চলমান রয়েছে।

### ২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) বেগমগঞ্জ #৪ (ওয়েস্ট) কূপ খননে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান চলমান আছে।
- ২) KTL #৮ কূপ খননে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান চলমান আছে।
- ৩) মাড ইঞ্জিনিয়ারিং শাখায় ব্যবহারের জন্য ল্যাব Reagent and Apparatus ক্রয়ের লক্ষ্যে ক্রয়াদেশ নং-BAPEX/ADMIN/1910, Date:03-09-2023 এর বিপরীতে সরবরাহকারী বরাবর ঋণপত্র স্থাপিত হয়েছে মালামাল Shipment প্রক্রিয়াধীন।
- ৪) “২ টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২ টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ -১ ও জামালপুর -১) খনন” প্রকল্পের আওতায় মাড ইঞ্জিনিয়ারিং ল্যাব ক্রয়ের নিমিত্তে দরপত্র বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে।

### ৩। ওয়্যারলাইন লগিং সার্ভিসেস :

- ১) সুন্দলপুর সাউথ #১ এবং জামালপুর #১ অনুসন্ধান কূপের দরপত্র আহবানের লক্ষ্যে Tender Document & IFT সম্পন্ন হয়েছে।
- ২) অত্র উপবিভাগের ০২ (দুই) জন কর্মকর্তা বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপে ১৭ ১/২” সেকশনে ওপেন হোল লগিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে বেগমগঞ্জ, নোয়াখালী গমন করেন।
- ৩) সুন্দলপুর সাউথ #১ এবং জামালপুর #১ অনুসন্ধান কূপের দরপত্র আহবানের লক্ষ্যে Tender Document বিক্রয়ের কাজ চলমান আছে।
- ৪) সুন্দলপুর #৪ উন্নয়ন কূপে ওয়্যারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক দরপত্র নং: BAPEX/ADMIN/INT/TEN-1181/2023, তারিখ: ০২/০৮/২০২৩ এর বিপরীতে প্রাপ্ত দরপত্রের আর্থিক মূল্যায়নের প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ সম্পন্ন হয়েছে।
- ৫) শ্রীকাইল #৫ উন্নয়ন কূপে ওয়্যারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত আন্তর্জাতিক দরপত্র নং: BAPEX/ADMIN/INT/TEN-1188/2023, তারিখ: ১৫/০৬/২০২৩ এর বিপরীতে প্রাপ্ত দরপত্রের আর্থিক মূল্যায়নের নিমিত্তে কমিটি গঠনের কাজ সম্পন্ন হয়েছে।

### ৪। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) সুন্দলপুর সাউথ #১ কূপের আহবায়িত দরপত্রটির লক্ষ্যে Schedule বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে।
- ২) শ্রীকাইল # ৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদান সংক্রান্ত মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র (দরপত্র নং-১১৮৩) সমূহের আর্থিক মূল্যায়ন প্রতিবেদন মুখবন্দিখামে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে দাখিল করা হয়েছে। কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বনিম্ন দরদাতার অনুকূলে NOA প্রদান কার্যক্রম চলমান রয়েছে।
- ৩) সুন্দলপুর # ৪ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদান সংক্রান্ত মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের আন্তর্জাতিক উন্মুক্ত পুনঃদরপত্র (দরপত্র নং-১২৪৩) এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের কারিগরি মূল্যায়ন চলমান রয়েছে।
- ৪) জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্পে সিমেন্টেশন সার্ভিস প্রদানের প্রয়োজনীয় পরিমাণ মালামাল ও তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়ের লক্ষ্যে আহবায়িত দরপত্রের প্রসাতুতকৃত কারিগরি মূল্যায়ন প্রতিবেদনটি কমিটির সকল সদস্যদের স্বাক্ষরগ্রহণ প্রক্রিয়া চলমান রয়েছে। পরবর্তীতে মূল্যায়ন প্রতিবেদনটি ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে মুখবন্দি খামে দাখিল করা হবে।
- ৫) তিতাস #১৪ ওয়ার্কওভার প্রকল্পে বাপেক্স এর নিজস্ব সিমেন্টিং ইউনিট আনুষাঙ্গিক যন্ত্রপাতি দ্বারা সিমেন্টেশন সার্ভিস প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

## 8.৫ পরীক্ষাগার বিভাগ

### জিওলজিক্যাল ল্যাব উপ-বিভাগ:

- ১। গ্যাজপ্রম কর্তৃক খননকৃত টবগী #১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত তিন (০৩) টি (২৮ মিটার) কোর নমুনা হতে সংগৃহীত চৌষট্টি (৬৪) টি নমুনার Mineralogical Analysis এর লক্ষ্যে Chemically treated Clay part এর XRD data acquisition শেষে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণের কাজ চলছে।
- ২। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে দ্বিতীয় দফায় প্রেরিত দশ (১০) টি Outcrop (Shale/ Silty Shale/ Mudstone) নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতি শেষে Microfossil পৃথকীকরণের কাজ চলমান রয়েছে।
- ৩। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে তৃতীয় দফায় প্রেরিত বাইশ (২২) টি Outcrop (Shale/ Silty Shale/ Mudstone) নমুনার Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।
- ৪। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে প্রথম দফায় প্রেরিত চার (০৪) টি Outcrop sand নমুনার Depositional Environment নির্ণয়ের কাজ সম্পন্ন হয়েছে।
- ৫। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে দ্বিতীয় দফায় প্রেরিত দশটি (১০) টি Outcrop sand নমুনার sedimentological analysis and depositional environment নির্ণয়ের লক্ষ্যে sieve data acquisition এর কাজ সম্পন্ন হয়েছে।
- ৬। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০২৩-২০২৪ মাঠ মৌসুমে পটিয়া ভূগঠনের বিভিন্ন ছড়া/সেকশন হতে সংগৃহীত শিলা নমুনা হতে তৃতীয় দফায় প্রেরিত এগারো (১১) টি Outcrop sand নমুনার sedimentological analysis and depositional environment নির্ণয়ের লক্ষ্যে sieve data acquisition এর জন্য নমুনা প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে।
- ৭। e-GP এর OSTETM পদ্ধতিতে সেডিমেন্টোলজিক্যাল বিশ্লেষণ কাজে ব্যবহৃতব্য Grain size analysis Equipment এর ক্রয়কার্য সম্পন্ন হয়েছে।

### জিওকেমিক্যাল উপ-বিভাগ:

- ১। শ্রীকাইল গ্যাসক্ষেত্র হতে মে ২০২৪ মাসে সংগৃহীত ০৫ (পাঁচ)টি গ্যাস, ০২ (দুই)টি লিকুইড হাইড্রোকার্বন ও ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ২। শাহবাজপুর গ্যাসক্ষেত্র হতে মে ২০২৪ মাসে সংগৃহীত ০২ (দুই)টি গ্যাস নমুনা, ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ৩। কৈলাশটিলা # ৮ কূপের ৩৪৩৮.৪-৩৪৪২.৪ এবং ৩৪৪২.৫-৩৪৪৬.৫ মিটার গভীরতায় ডিএসটি-১ চলাকালীন সংগৃহীত ০৬ (ছয়)টি গ্যাস, ০১ (এক)টি কনডেনসেট ও ০১ (এক)টি পানি নমুনার বিশ্লেষণ কাজ চলমান রয়েছে।
- ৪। ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলার বেহেলি ইউনিয়নের হালির হাওর এলাকায় স্থাপিত একটি নলকূপ হতে সংগৃহীত ও প্রেরিত ০২ (দুই) বোতল গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন ভূতাত্ত্বিক বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ৫। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার পটিয়া ভূগঠনের গর্জনতলীর আগা সেকশন হতে সংগৃহীত ও প্রেরিত ০২ (দুই) বোতল গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন ভূতাত্ত্বিক বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ৬। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার পটিয়া ভূগঠনের শ্রীমাই (পটিয়া ১নং কূপ) সেকশন হতে সংগৃহীত ও প্রেরিত ০২ (দুই) বোতল গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন ভূতাত্ত্বিক বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

### পেট্রোফিজিক্যাল উপ-বিভাগ:

- ১। টবগী #১ অনুসন্ধান কূপ থেকে প্রাপ্ত কোর নমুনার পেট্রোফিজিক্যাল বিশ্লেষণ শেষে আংশিক প্রতিবেদন চূড়ান্তকরণের কাজ চলমান।
- ২। পরীক্ষাগার বিভাগের জন্য ১টি Porosimeter ক্রয়ের লক্ষ্যে দাপ্তরিক ব্যয় প্রাক্কলনের কাজ শেষ হয়েছে।
- ৩। পরীক্ষাগার বিভাগের জন্য ১টি Gas Permeameter ক্রয়ের লক্ষ্যে চুক্তিপত্র প্রস্তুতের কাজ শেষে ঋণপত্রের কাজ সম্পন্ন হয়েছে।
- ৪। পরীক্ষাগার বিভাগের কোরস্টোরের জন্য Core Rack ক্রয়ের লক্ষ্যে দাখিলকৃত দরপত্রের কারিগরি ও বাণিজ্যিক মূল্যায়ন শেষে ক্রয়াদেশ জারি হয়েছে।

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

## (১) উৎপাদনের বিবরণ

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কুপ সংখ্যা	উৎপাদনরত কুপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০২৩- ২০২৪)	চলতি মাস (মে'২০২৪)	বিগত মাস (এপ্রিল'২০২৪)	চলতি বৎসর ক্রমপুঞ্জিত (২০২৩-২০২৪)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০৩	১। গ্যাস	০.০৮৫	৩১.০৯	২.৭১১	২.৭৭৭	২৯.৩৫৭	২২৯৫.৫৩৯
				২। কনডেনসেট	০.২১৯	৮০.০০	৭.৫৭৬	৭.১৪৫	৮৫.০০৫	৭৩৮২.১৯৮
০২।	ফেঞ্চুগঞ্জ	০২	০২	১। গ্যাস	০.২৫৬	৯৩.২৮	৮.১০৩	৭.৮৭৯	১০৬.৬১২	৫০২২.৭০৯
				২। কনডেনসেট	০.৪৭৯	১৭৫.০০	১১.৫০৭	১০.০০৪	১৯১.৫৮৯	১৯৫৩৭.৬৭১
০৩।	শাহবাজপুর	০৫	০৪	১। গ্যাস	২.৫১২	৮২৯.০০	৫৯.৭৩৭	৬০.১৩৩	৬৭৩.৯৪৭	৪৭৬৪.৮৩৫
				২। কনডেনসেট	১.৩৬৪	৪৫০.০০	৪৯.৪৪৯	৫২.১২	৪৮১.২৭৭	৩১৭৮.৮৬৫
০৪।	সেমুতাং	০১	০১	১। গ্যাস	০.০১৪	৫.১৮	০.৯৬৫	০.৮০৯	৮.৬৯৫৩	৪১৩.৭৬৮
				২। কনডেনসেট	-	-	০.	০.	০.	৮২৬.৬৮৪
০৫	সুন্দলপুর	০১	০১	১। গ্যাস	০.১৯৯	৭২.৫৫	২.০৯১	২.৮৭	৫০.৭৪৫৬	৭৪০.৬৪৬
				২। কনডেনসেট	০.০৫৫	২০.০০	০.	০.	১০.৪২২৫	১৮৪.৪৯৯
০৬।	শ্রীকাইল	০৪	০৪	১। গ্যাস	০.৯৯৪	৩৬২.৮৪	২০.২৬৯	২০.৬৬৮	২৮৮.৯০৪২	৪২১৭.৭৮৭
				২। কনডেনসেট	২০.৫৪৮	৭৫০০.০০	২৮৯.৮৪১	৪১৮.১৬৫	৬২০৯.৫০৮৯	৬১১৭৮.৮৯২
০৭।	বেগমগঞ্জ	০১	০১	১। গ্যাস	০.৬৪৮	৭৭.৭৩	৬.৮৪৩	৬.৫৫৪	৭৫.৬৬৫৬	৪৩৫.৯২১
				২। কনডেনসেট	০.৯১৭	১১০.০০	১০.২৫৯	৯.২৬৫	১২৫.২২৫৯	৭২২.৫৯৫
০৮।	রূপগঞ্জ	-	-	১। গ্যাস	-	-	-	-	-	১৯.২২৯
				২। কনডেনসেট	-	-	-	-	-	১৮০.০৮৩

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

## (২) বিক্রয়ের বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (মে' ২০২৪)	ক্রমপুঞ্জিত (মে' ২০২৪) (২০২৩-২০২৪)	ভ্যাট প্রদান (মে' ২০২৪)	ভ্যাট বাদে মূল্য (মে' ২০২৪)	মোট মূল্য (মে' ২০২৪)	ক্রমপুঞ্জিত মূল্য (২০২৩-২০২৪)
০১।	সালদানদী	১। গ্যাস	২.৩১২৯	২৫.১৭৩০	২৪.৬৪৩২	৯২.৫১৪৫	১১৭.১৫৭৭	১২৮৩.৮২৪৫
		২। কনডেনসেট	-	৮১.০০০	-	-	-	৫২.১৬৪০
০২।	ফেঞ্চুগঞ্জ	১। গ্যাস	৭.১২৭৫	৯২.৭৭৪৩	১৫২.৩০১৫	২৯০.৯১৮৪	৪৪৩.২১৯৯	৫৭৪০.৩৭০৭
		২। কনডেনসেট	৮১.০০০	৩৫১.০০০	৬.৮০৪০	৪৫.৩৬০০	৫২.১৬৪০	২২৬.০৪৪০
৩।	শাহবাজপুর	১। গ্যাস	৫৯.৭১০৪	৬৮১.৪৬৬৩	১১৬১.৭৮৯৪	২৩৮৮.৪১৪১	৩৫৫০.২০৩৫	৩৮৭৩৫.৩০১০
		২। কনডেনসেট	১২১.৫০০	৪৮৬.০০০	৫.৪৪৩২	৩৩.২৩০৩	৩৮.৬৭৩৫	১৫৪.৬৯৪০
০৪।	সেমুতাং	১। গ্যাস	০.৯৪২১	৮.৫০২৭	২৭.১৮২৬	৩৮.৪৫১২	৬৫.৬৩৩৮	৫৯০.২৬২০
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
০৫।	সুন্দলপুর	১। গ্যাস	২.০৪৮১	৫০.৫০৫৪	৪৩.৭৬৪০	৮৩.৫৯৫৭	১২৭.৩৫৯৭	৩১১৭.৮৯৯১
		২। কনডেনসেট	-	৯.০০০	-	-	-	৫.৭৯৬০
০৬।	শ্রীকাইল	১। গ্যাস	১৭.৩১৮৪	২৪৭.৯৬০৫	১৮৪.২৯৯৭	৬৯১.৮৮৯০	৮৭৬.১৮৮৮	১২৪৩২.৪১৯৯
		২। কনডেনসেট	২২৯.৫০০	৬২১০.০০০	১৯.২৭৮০	১২৮.৫২০০	১৪৭.৭৯৮০	৩৯৯৯.২৪০০
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস	৬.৭০০৩	৭৪.৮৩৪৯	১৪৩.১৭৩৫	২৭৩.৪৮২৫	৪১৬.৬৫৬০	৪৬৩০.০৪০৫
		২। কনডেনসেট	-	১৫৩.০০০	-	-	-	৯৮.৫৩২০
০৮।	রূপগঞ্জ	১। গ্যাস	-	-	-	-	-	-
		২। কনডেনসেট	-	-	-	-	-	-

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

## ১। কেন্দ্রীয় যানবাহন মেরামত কারখানা, ঢাকা :

উক্ত কারখানায় ১৫ টি হালকা যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং করা হয়েছে।

## ২। প্রধান কার্যালয় ঢাকা :

প্রধান কার্যালয়ে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম নিম্নরূপঃ

- ক) বিজয়-১০ (ZJ70DBS), বিজয়-১১ (ZJ40DBT), বিজয়-১২ (ZJ৫০DBS) ও XJ650T রিগ যন্ত্রপাতি এবং ভারী যানবাহন যেমনঃ ফ্রেন, ফর্ক লিফটার, ট্রাক ও ট্রেইলার ইত্যাদির চলমান রক্ষণাবেক্ষণ, মেরামত কার্যক্রম পরীক্ষণ, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা হয়েছে।
- খ) রিগসমূহে ব্যবহারের লক্ষ্যে রিগ যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।
- গ) চলমান প্রকল্পসমূহে মালামাল লোডিং/ অফলোডিং ও স্থানান্তর কাজে নিয়োজিত ভারী যানবাহনসমূহ মেরামতের লক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।

## ৩। বিবিধ :

- ক) সিলেট গ্যাস ফিল্ডের কৈলাশটিলা#৮ কূপের খনন কাজ বিজয়-১২ রিগ দ্বারা চলমান আছে।
- খ) বেগমগঞ্জ#৪ (ওয়েস্ট) কূপ খনন প্রকল্পে বিজয়-১০ রিগ দ্বারা কূপ খনন কাজ চলমান আছে।
- গ) বিজিএফসিএল এর তিতাস#১৪ কূপের ওয়ার্কওভার কাজ বিজয়-১১ রিগ দ্বারা সম্পন্ন করার লক্ষ্যে রিগ মাস্ট আপ করতঃ ওয়ার্কওভার কাজ চলমান।
- ঘ) বিজয়-১৮ রিগ দ্বারা রশিদপুর#৫ কূপের ওয়ার্কওভার কাজ শেষ হয়েছে। উক্ত রিগ দ্বারা সিলেট#৭ কূপের ওয়ার্কওভার করার লক্ষ্যে কূপ এলাকায় রিগ মালামাল স্থানান্তর কাজ চলমান আছে।

## 8.৮

## রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

- ক) বাপেক্সের সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, শাহজাদপুর-সুন্দলপুর, শ্রীকাইল ও বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র সমূহ থেকে এপ্রিল ২০২৪ মাসে উৎপাদিত গ্যাস, কনডেনসেট, পানি ও FWHP/SIWHP সংক্রান্ত উপাত্তসমূহ গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- খ) শ্রীকাইল গ্যাসক্ষেত্রের এপ্রিল ২০২৪ মাসের গ্যাস, কনডেনসেট ও পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- গ) শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্রের মে ২০২৪ মাসের গ্যাস ও পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- ঘ) চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার পটিয়া ভূগঠনের শ্রীমাই (পটিয়া ১নং কূপ) সেকশন হতে সংগৃহীত গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- ঙ) সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলার বেহেলি ইউনিয়নের হালির হাওর এলাকায় স্থাপিত নলকূপ হতে সংগৃহীত গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- চ) শাহজাদপুর-সুন্দলপুর#৩ উন্নয়ন কূপ থেকে সংগৃহীত আরডিটি ফ্লুইড, ডিএসটি এবং প্রোডাকশন টেস্টিং অপারেশন এর সময় সংগৃহীত নমুনা বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- ছ) ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৩বি, ৬বি এবং ৭ শীর্ষক প্রকল্পের Processing Report ও Interpretation Report এবং ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ১৫ এবং ২২ শীর্ষক প্রকল্পের Processing গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- জ) ভূপদার্থিক বিভাগ হতে প্রাপ্ত ২ডি SPS File, Acquisition, Processing এবং Interpretation Report গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- ঝ) ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়নের লক্ষ্যে ডাটা ম্যানেজমেন্ট উপবিভাগে সংরক্ষিত এবং সাম্প্রতিক সময়ে প্রাপ্ত হার্ডকপি তথ্য/উপাত্তসমূহ যাচাই-বাছাই পূর্বক যথাযথভাবে ডাটা শিট (এক্সেল শিট) এর মাধ্যমে নতুনভাবে প্রনয়ন করা হচ্ছে এবং হার্ডকপিসমূহ ডাষ্ট-ফ্রি রাখা এবং পোকামাকড় থেকে রক্ষার জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান আছে।
- ঞ) টেপ সেকশনে সংরক্ষিত টেপ সমূহ নিয়মিতভাবে টেপ ক্লিনিং মেশিন দ্বারা পরিষ্কার করা হচ্ছে এবং ডিজিটাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমে ব্যবহৃত সকল কম্পিউটার, স্টোরেজ ডিভাইসসহ অন্যান্য আনুসঙ্গিক ডিভাইস নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে সচল রাখা হচ্ছে।
- ট) ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগে সংরক্ষিত হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত যাবতীয় ডাটার হার্ডকপিসমূহের স্ক্যান্ড কপি/ইমেজ কপি এবং ফিল্ড ম্যাগনেটিক টেপসমূহের ডাটা SEG-Y Format এ রূপান্তরিত ডিজিটাল ডাটাসমূহ কম্পিউটার হার্ডডিস্ক, DVD এবং এক্সটারনাল হার্ডডিস্কে কপি করে সংরক্ষণ করা হচ্ছে।
- ঠ) ডাটা ম্যানেজমেন্ট উপবিভাগে বিদ্যমান তথ্য-উপাত্ত ভান্ডারের যথাযথ ও সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সুবিধা গ্রহণের লক্ষ্যে বিদ্যমান ডাটা ব্যাংক-কে একটি WebGIS based Data Management System এ রূপান্তর ও উন্নীত করার সামগ্রিক প্রক্রিয়া চলমান রয়েছে।
- ড) রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগের সংশোধিত বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা (এপিপি) ২০২৩-২০২৪ সংযুক্ত ছকে পুরন করতঃ মহাব্যবস্থাপক ও আহবায়ক, এপিপি প্রণয়ন কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে।
- ঢ) Reservoir Engineering কাজের জন্য প্রয়োজনীয় কারিগরী উপাত্তের তালিকা প্রণয়ন ও সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- ণ) Reservoir Engineering Software ক্রয়ের নিমিত্তে কারিগরী বিবরণ ও প্রাক্কলন তৈরির উদ্দেশ্যে Vendor এর সাথে আলোচনা/যোগাযোগ করা হচ্ছে।

## ৪.৯ প্লানিং এন্ড আইসিটি বিভাগ

- ক) “ভোলা নর্থ গ্যাসক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন” শীর্ষক প্রকল্পের ডিপিপি গত ২১ মার্চ ২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভায় উপস্থাপিত এবং কতিপয় শর্ত প্রতিপালন সাপেক্ষে অনুমোদিত হয়। সে আলোকে ডিপিপি পুনর্গঠন করে ২৯ এপ্রিল ২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে;
- খ) “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৭ এন্ড ৯” শীর্ষক প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির সভা ২৯ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সভার নির্দেশনার আলোকে ডিপিপি পরিমার্জনের কাজ চলমান;
- গ) “২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ ( সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন” প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ২৮ মে ২০২৪ তারিখে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে;
- ঘ) পেট্রোবাংলার চাহিদা অনুসারে “৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন” শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনঃমার্জনপূর্বক প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ২৯ এপ্রিল ২০২৪ তারিখে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে;
- ঙ) “২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয়” শীর্ষক প্রকল্পের বিপরীতে অর্থবিভাগ কর্তৃক ১২ মে ২০২৪ তারিখে প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক প্রকল্পের ব্যয় প্রাক্কলন ও Feasibility Study রিভিউ এর কাজ চূড়ান্ত পর্যায়ে। রিভিউ শেষে Liquidity Certificate-এর জন্য পেট্রোবাংলায় প্রেরণ করা হবে;
- চ) “৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন প্রকল্প” শীর্ষক প্রকল্পের ডিপিপি পরিমার্জনপূর্বক প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য ২১ এপ্রিল ২০২৪ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে;
- ছ) “১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (বেগমগঞ্জ-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (বেগমগঞ্জ-৬ ও সুনত্র-২) খনন” শীর্ষক প্রকল্পের Feasibility Study সম্পাদনের পাশাপাশি ডিপিপি প্রণয়ন কার্যক্রম চলমান;
- জ) “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ১৫ এবং ২২” শীর্ষক প্রকল্পের আরডিপিপি অনুমোদনের লক্ষ্যে ৩০ মে ২০২৪ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে;
- ঝ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- ঞ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুত/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- ট) অনির্দিষ্ট কার্যক্রম বিষয়ক মাসিক প্রতিবেদন প্রণয়ন করতঃ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।
- ঠ) পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন ধরনের তথ্য- উপাত্ত সরবরাহ করা হয়েছে। তাছাড়া কোম্পানির সার্বিক কার্যক্রম (মাস ভিত্তিক) অভিন্ন ফরমেট-এ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।
- ড) ই-জিপি তথ্য সংশোধন এবং ইউজার টেকনিক্যাল সাপোর্ট প্রদান, ৬৮ জন কর্মকর্তার দাপ্তরিক তথ্যাবলী হালনাগাদকরণ, ডিজিটাল ডিসপ্লে তথ্যাদি হালনাগাদকরণ।
- ঢ) বিভিন্ন বিভাগের চাহিদার প্রেক্ষিতে আইসিটি ও এমআইএস উপবিভাগের মাধ্যমে ইন্টারনেট সংযোগ, পিএবিএক্স সংযোগ, কম্পিউটারে হার্ডওয়ার ও সফওয়্যার সেট-আপ সহ প্রয়োজনীয় সেবা প্রদান করা হয়েছে।
- ণ) দরপত্র, অফিস আদেশ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক প্রতিবেদন ও হালনাগাদ সিটিজেন চার্টার, মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও ইনোভেশন সংক্রান্ত সভার কার্যপত্র ও অগ্রগতির প্রতিবেদন আপলোড করা হয়েছে।
- ত) বাপেক্স পরিচালনা পর্ষদ সভাসহ বিভিন্ন সংস্থার সাথে আয়োজিত ২৫টি অনলাইন সভা আয়োজন ও কারিগরি সহায়তা প্রদান। এইচআরএম শাখা কর্তৃক আয়োজিত ৪টি প্রশিক্ষণ কার্যক্রমে প্রজেক্টর, ডিসপ্লে ও সাউন্ড সিস্টেম সংক্রান্ত আইটি সাপোর্ট প্রদান।
- থ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত নতুন ছকে বাপেক্সের কার্যাবলীর মাসিক প্রতিবেদন পেট্রোবাংলায় (এমআইএস উপবিভাগ) প্রেরণ। মন্ত্রিপরিষদ বিভাগে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাসিক কর্মকাণ্ডের বিবরণী মহাব্যবস্থাপক (অর্থ) বরাবর প্রেরণ। বাপেক্স পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহের গ্যাস ও কনডেনসেট উৎপাদন ও বিক্রয় বিবরণী প্রস্তুত ও প্রেরণ।
- দ) এইচআরএম উপবিভাগ কর্তৃক স্থানীয় প্রশিক্ষণ যথাক্রমে “Advanced Project Management: Modern Trends and Practices” (১৭-১৯ মে ২০২৪ এবং ২৪-২৬ মে ২০২৪), “অগ্নি প্রতিরোধ, নির্বাণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা” (২০.০৫.২০২৪ হতে ২১.০৫.২০২৪), “Cyber Security Awareness Training for Smart Bangladesh (30th Batch)” (২৪.০৫.২০২৪ হতে ২৫.০৫.২০২৪) এবং “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জ্বালানি খাতের ভূমিকা” শীর্ষক প্রশিক্ষণসমূহের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণসমূহে সর্বমোট স্থানীয় প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিলো ৮৮ জন। পাশাপাশি “শুদ্ধাচার সংক্রান্ত মতবিনিময় সভা” (২৭.০৫.২০২৪)” শীর্ষক কর্মশালা/সেমিনারের আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারে অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ছিলো ২১২ জন।
- ধ) “৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা এন্ড হাতিয়া এবং ৩ডি সাইসমিক সার্ভে ওভার সুবর্ণচর” শীর্ষক ০২ টি প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদন ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে সরাসরি সেবা ক্রয়ের জন্য যৌক্তিকতা নিরূপণ এবং দাপ্তরিক প্রাক্কলন (Official Cost Estimation) নির্ধারণের নিমিত্তে গঠিত কমিটির প্রতিবেদন দাখিল।
- ন) ভোলা জেলায় নতুন ০৪ টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫ ও ৭; ভোলা নর্থ-৩ ও ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) মোট ০৫টি কূপ খনন শীর্ষক প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য ছাড়পত্র ফি ও ভ্যাট প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে।
- প) একটি কমিটি গঠনের মাধ্যমে শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে অব্যবহৃত সিলিকা জেল Disposal জন্য সুপারিশ করা হয়েছে।
- ফ) ২৭/০৫/২০২৪খ্রিঃ তারিখে সংগঠিত ঘূর্ণিঝড় রিমাল এর পূর্বপ্রস্তুতি গ্রহণ হিসেবে বাপেক্স এর সকল ফিল্ড ও প্রকল্পসমূহের প্রধানদেরকে ঘূর্ণিঝড় রিমাল সম্পর্কে অবহিতকরণ এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।
- ব) বাপেক্সের বিভিন্ন বিভাগ/প্রকল্প/গ্যাস ক্ষেত্র/স্থাপনাসমূহ থেকে মে’২০২৪ সালের HSE প্রতিবেদন সংগ্রহ এবং সংগৃহীত প্রতিবেদন কম্পাইল করে পেট্রোবাংলায় প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে।
- ভ) বাপেক্স এর কেপিআই ও কেপিআই বর্হিভূত স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা মনিটরিং বিষয়ক দৈনিক প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

## 8.১০

## আঞ্চলিক কার্যালয়, বাপেক্স, চট্টগ্রাম

- ক) সাধারণ উপ-বিভাগের মাধ্যমে মে ২০২৪ মাসেন যাবতীয় বিল, অস্থায়ী শ্রমিক বেতন ভাতা পরিশোধ করা হয়েছে এবং বিবিধ নথি উত্থাপন, প্রেরণ/গ্রহণ করা হয়েছে।
- খ) ২টি বৈদেশিক ক্রয়াদেশের মালামাল বন্দর হতে খালাস করা হয়েছে এবং ০৮টি সিএন্ডএফ এজেন্ট বিল পরিশোধের জন্য প্রশাসন বিভাগ, ঢাকায় প্রেরণ করা হয়েছে।
- গ) কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপ-বিভাগের মাধ্যমে স্থানীয়ভাবে ক্রয়কৃত মালামাল এবং ফিল্ড হতে ফেরৎকৃত মালামাল গ্রহণ করা হয়েছে। স্থানীয়ভাবে ক্রয়কৃত মালামাল এর মান পরিমাপক সনদ ও এম.আর.আর করা হয়েছে। লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে বিভিন্ন খনন/ওয়ার্কওভার প্রকল্পে/স্থাপনায় বিভিন্ন মালামাল/গাড়ীর স্পেয়ার পার্টস প্রেরণ করা হয়েছে। এছাড়া মালামালের ইনডেক্সিং, গোডাউনে স্টোরের মালামাল পুনর্বিন্যাস এবং ভান্ডার এলাকা রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- ঘ) আন্তর্জাতিক ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৯৭ এর বিপরীতে আমদানীকৃত Drilling Floor Handling Tools and Spare Parts এবং ক্রয়াদেশ নং বাপেক্স/এডমিন/১৮৯৮ এর বিপরীতে আমদানীকৃত Drilling Materials and Accessories (Water Bath Test Heater) এর এর মালামাল গ্রহণ এবং সংরক্ষণ করা হয়েছে।
- ঙ) লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে বেগমগঞ্জ-০৪ কুপ খনন প্রকল্পে খনন বিভাগের মালামাল প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন মালামালের ইনডেক্সিং, মার্কিং, গোডাউনে স্টোরের মালামাল সংরক্ষণ, পুনর্বিন্যাস এবং ভান্ডার এলাকা রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- চ) সেন্ট্রাল অটোমোবাইল এন্ড ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ উপ-বিভাগ ও সেন্ট্রাল মেশিনশপ এন্ড ড্রিলিং ইকুইপমেন্ট উপবিভাগের মাধ্যমে ১টি ভলভো ড্রেইলার, ২টি সিনো ট্রাক ও ১টি নিশান প্রাইমমুভার এর প্রয়োজনীয় মেরামত ও সার্ভিসিং করা হয়েছে।
- ছ) মহাব্যবস্থাপক (প্রকৌশলীর) নির্দেশক্রমে গত ২৯/০৫/২০২৪ তারিখে নিশান প্রাইমমুভার-০১১৯ গাড়িটি রূপগঞ্জ হয়ে তিতাস প্রকল্পে প্রেরণ করা হয়েছে।
- জ) বিভিন্ন সময়ে ভান্ডারের চাহিদার প্রেক্ষিতে ভলভো ট্রাক-০০৮৬ গাড়িটি ৫ বার, সিনো ট্রাক-০৬২১ গাড়িটি ৩ বার এবং ভলভো প্রাইমমুভার-০১১৬ গাড়িটি মাড ক্যামিক্যালসহ বেগমগঞ্জ#৪ প্রকল্পে প্রেরণ করা হয়েছে।
- ঝ) অটোমোবাইল শাখার মাধ্যমে ৩টি গাড়ির ব্যাটারি সংযোগ/পরিবর্তন ডেন্টিংয়ের পরে সম্পূর্ণ গাড়ি ওয়ারিং করা, ওয়েল্ডিং মেশিনের কানেকশন চেকিং এবং পোমরা স্থাপনায় আইপিএস ব্যাটারি সংযোগ ও সিসি ক্যামেরা মেরামতপূর্বক সংযোগ করা হয়েছে।

৫।

বিবিধ তথ্য

## ৫.১ লোকবল :

ক্রমিক নং	জাতীয় বেতন স্কেল (২০১৫)	সংখ্যা		মন্তব্য
		কর্মকর্তা	কর্মচারী	
১	৭৮,০০০ (নির্ধারিত)	-	-	-
২	৬৬,০০০-৭৬,৪৯০	০১	-	
৩	৫৬,৫০০-৭৪,৪০০	১৩	-	
৪	৫০,০০০-৭১,২০০	৬৭	-	
৫	৪৩,০০০-৬৯,৮৫০	১১৯	-	
৬	৩৫,৫০০-৬৭,০১০	৮৫	-	
৭	২৯,০০০-৬৩,৪১০	-	-	
৮	২৩,০০০-৫৫,৪৭০	-	-	
৯	২২,০০০-৫৩,০৬০	১১৫	-	
১০	১৬,০০০-৩৮,৬৪০	৬২	-	
১১	১১,০০০-২৬,৫৯০	-	৭৫	
১২	১০,২০০-২৪,৬৮০	-	৪১	
১৩	৯,৭০০-২৩,৪৯০	-	-	
১৪	৯,৩০০-২২,৪৯০	-	২৮	
১৫	৯,০০০-২১,৮০০	-	০৮	
১৬	৮,৮০০-২০,৫৭০	-	০৯	
১৭	৮,৫০০-২০,২৯০	-	০৮	
১৮	৮,২৫০-২০,০১০	-	৪২	
	মোটঃ	৪৬২	২১১	
১৯	ক) প্রেষণে পেট্রোবাংলা ও পেট্রোবাংলা বহির্ভূত অন্যান্য কোম্পানী হতে -	০৪	-	
	মোটঃ	০৪	-	
	সর্বমোটঃ	৪৬৬	২১১	
সর্বমোট (কর্মকর্তা+কর্মচারী) = ৬৭৭				

\* বাপেক্সের একজন কর্মকর্তা এমডি হিসেবে এসজিএফএলে ডেপুটেশনে রয়েছেন।

## ৫.২ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্যঃ

৫.২.১	কর্মকর্তা-৪৬৬ জন	কর্মচারী-২১১ জন	মোট জনবল-৬৭৭ জন
৫.২.২	PC ব্যবহারকারী কর্মকর্তা-৪২২ জন	PC ব্যবহারকারী কর্মচারী-৪০ জন	PC ব্যবহারকারী মোট জনবল-৪৬২ জন

৫.২.৩ বাপেক্স এর প্রধান কার্যালয়ে স্থাপিত কম্পিউটার এবং সরঞ্জামাদির বিবরণীঃ

i) PC -র সংখ্যা-২১৩ টি	vii) Printer সংখ্যা-১৬৫ টি
ii) Server-র সংখ্যা- ০৭ টি	viii) Scanner সংখ্যা-৪৩ টি
iii) DVD Writer -র সংখ্যা-২১৩ টি	x) Multimedia Projector সংখ্যা-০৪টি
iv) Digital Camera -র সংখ্যা-০২ টি	xi) Edge Modem: 07 nos. (4 in Drilling field, 3 in production field.
v) Laptop Computer -র সংখ্যা-২৮ টি	xii) GPRS Network: Between project and head office.
vi) Internet connectivity: (50+101) Mbps by fiberoptics.	xiii) Video Conferencing Sysytem with 80 inch Interactive Digital Display at head office.: 01 Set

৫.২.৪ কোম্পানীর Website Address: www.bapex.com.bd

৫.২.৫	ইন্টারনেটের সাথে সংযোগকৃত PC এর সংখ্যা-২১৩ টি
৫.২.৬	কোম্পানীর ইন্টারনেট সংযোগের ধরন- ব্রডব্যান্ড
৫.২.৭	বাপেক্স ডোমেইনে নিবন্ধিত ই-মেইল ব্যবহারকারী সংখ্যা-৩৭৩ জন।
৫.২.৮	বাপেক্স এর প্রধান কার্যালয়ে স্থাপিত ২১৩ টি কম্পিউটার Wifi Network এর আওতাভুক্ত।
৫.২.৯	Desktop PC- এর Operating System: (ক) Windows-7, (খ) Windows-8.1 এবং (গ) Windows-10
৫.২.১০	Desktop PC- এর Application Software: (১) MS Office-2003, 2007, 2013, 2016 (২) Adobe Photoshop (৩) Adobe Illustrator (৪) AutoCAD (৫) Map Source (৬) Grapher (৭) ArcView (৮) Mesa
